10 MINUTE SCHOOL

# SSC'23
# শেষ মুহূর্তের সাজেশন

## বাংলা ১ম পত্র

সাজেশন সম্পর্কিত যেকোনো জিজ্ঞাসায়,

কল করো 16910

# বহুনির্বাচনী

## গদ্য

## সুভা

১। 'সুভা' গল্পের কোন উক্তিতে সুভার মনের ভাব চোখের ভাষার মর্মার্থ প্রকাশ পেয়েছে? [ঢা বো '২০]

ক) তাহার সুদীর্ঘ পল্লববিশিষ্ট বড়ো দুটি চোখ ছিলো

খ) কালো চোখকে কিছু তর্জমা করতে হয় না

গ) যাহার ভাষা নেই  তাহার চোখের ভাষা অসীম

ঘ) মন আপনি তাহার উপরে ছায়া ফেলে — উত্তর: ঘ

২। 'পিতা-মাতার নীরব হৃদয়ভার' বলতে 'সুভা' গল্পে মা-বাবার হৃদয়ের কোনটিকে বোঝানো হয়েছে? [য বো '২০]

ক) মমতা — খ) ভালোবাসা — গ) ব্যাকুলতা — ঘ) দুশ্চিন্তা — উত্তর: ঘ

৩। সুভার সঙ্গীদের মধ্যে ভাষাবিশিষ্ট জীব বলা হয়েছে কাকে? [কু. বো. '২০]

ক) সর্বাশী — খ) পাঙ্গুলী — গ) প্রতাপ — ঘ) বাণীকণ্ঠ — উত্তর: গ

৪। সুভার কোলে কে সুখনিদ্রার আয়োজন করিত? [ব. বো. '২০]

ক) সর্বাশী — খ) পাঙ্গুলী — গ) ছাগলছানা — ঘ) বিড়ালশিশু — উত্তর: ঘ

৫। সুভার ভাষার অভাব পূরণ করে দেয়- [দি. বো. '২০]

ক) তরুর মর্মর — খ) গোয়ালের গাভী — গ) গোঁসাইদের ছেলে — ঘ) বিড়াল শাবক — উত্তর: ক

৬। কপোল শব্দের অর্থ কী? [ম. বো. '২০]

ক) কপাল — খ) গাল — গ) ঠোঁট — ঘ) নাক — উত্তর: খ

৭। সুভা মুক্তির আনন্দ কোথায় খুঁজে পায়? [রা. বো. '২০]

ক) স্বচ্ছ আকাশের সৌন্দর্যে

খ) বিপুল নির্বাক প্রকৃতিতে

গ) সর্বাশী ও পাঙ্গুলির স্পর্শে

ঘ) ) প্রতাপের সঙ্গে সময় কাটিয়ে — উত্তর: খ

৮। শিশুকাল থেকেই সুভা নিজেকে 'বিধাতার অভিশাপ' ভেবেছে কেন? [য. বো. '১৯]

ক) সমবয়সীদের আচরণে

খ) কথা বলতে পারে না বলে

গ) সকলের দুশ্চিন্তা প্রকাশে

ঘ) মায়ের বিরক্তি প্রদর্শনে — উত্তর: গ

৯। বাণীকণ্ঠের কান্নার কারণ কী ছিলো? [কু. বো. '১৯]

ক) গৃহত্যাগের কষ্ট

খ) সুভাকে পাত্রস্থ করা

গ) পিতৃ হৃদয়ের কাতরতা

ঘ) সুভার দুরবস্থা কল্পনা — উত্তর: গ

## বহুনির্বাচনী

১০। প্রতাপের প্রধান শখ কি ছিলো? [সি বো '১৯]

ক) ছিপ ফেলে মাছ ধরা
খ) তেঁতুলতলায় বসে থাকা
গ) সুভার সাথে গল্প করা
ঘ) অকর্মণ্য হয়ে বসে থাকা
উত্তর: ক

১১। "আমার মতো দুটি বাহু বাড়াইয়া তুমিও আমাকে ধরিয়া রাখো"- সুভা কথাটি কাকে বলেছিলো? [দি বো '১৯]

ক) তার মাকে
খ) প্রকৃতিকে
গ) নদীতটকে
ঘ) বাল্য-সখীকে
উত্তর: গ

১২। "আমাকে সবাই ভুলিলে বাঁচি"- সভার এ উক্তিতে প্রকাশ পেয়েছে- [রা বো '২০]

i. হতাশা

ii. প্রত্যাশা

iii. বেদনা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: খ

১৩। সুভা বিধাতার কাছে অলৌকিক ক্ষমতা প্রার্থনা করত- [ঢা বো '১৯]

i. তাপের মনোযোগ আকর্ষণ করার জন্য

ii. মায়ের বিরক্তি দূর করার জন্য

iii. বাকশক্তি ফিরে পাওয়ার জন্য

নিচের কোনটি সঠিক?

ক) i
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ১৪ এবং ১৫ নং প্রশ্নের উত্তর দাওঃ** [চ বো '১৯]

মধ্যবিত্ত গৃহিণী আচমা তার শারীরিক প্রতিবন্ধী ছেলে আসাদের লেখাপড়া ও খেলাধুলার জন্য বিশেষ ধরনের সামগ্রী সরবরাহ করে দিয়েছেন। আসাদ পাড়ার অন্যসব শিশুদের সাথে মিলেমিশে স্বাভাবিকভাবে বেড়ে উঠেছে। আচমা সন্তানের কর্মকান্ডে খুশি ও গর্বিত।

১৪। উদ্দীপকের আসাদের মধ্যে 'সুভা' গল্পের সুভার কোন বৈশিষ্ট্যটির মিল খুঁজে পাওয়া যায়?

ক) দুঃখ
খ) একাকিত্ব
গ) সঙ্গীহীনতা
ঘ) প্রতিবন্ধিতা
উত্তর: ঘ

১৫। উদ্দীপকের আচমার কোন দিকটি সুভার মায়ের সাথে সামঞ্জস্যপূর্ণ?

ক) স্নেহ
খ) আশা
গ) হতাশা
ঘ) উৎকণ্ঠা
উত্তর: ক

# বহুনির্বাচনী

## আম আঁটির ভেঁপু

১। ‘আম আঁটির ভেঁপু’ গল্পে ফুটে উঠেছে- [ঢা বো ‘২০]

ক) প্রকৃতির বৈচিত্র্য খ) সামাজিক জীবন

গ) মুক্ত জীবনের প্রতি আসক্তি ঘ) রকৃতির সাথে জীবনের মিল উত্তর: ঘ

২। ‘মেঘ না চাইতেই জল’- প্রবাদটির ভাবার্থ কোন চরিত্রে লক্ষণীয়? [ঢা বো ‘২০]

ক) সর্বজয়া খ) হরিহর রায় গ) মমতাদি ঘ) কাঙালী উত্তর: খ

৩। কোন বাগানের আম গুড়ের মতো মিষ্টি? [কু. বো. ‘২০]

ক) সিঁদুরকৌটার খ) কাকুড়তলির গ) নীলমণি রায়ের ঘ) ডোবার ধারের উত্তর: খ

৪। ‘আম আঁটির ভেঁপু’ গল্পে কার উক্তিতে তৎকালীন বন্ধক প্রথার পরিচয় পাওয়া যায়? [চ. বো. ‘২০]

ক) সেজ ঠাকরুণ খ) ভুবন মুখুয্যে গ) রাধা বোষ্টমের বৌ ঘ) নীলমণি রায় উত্তর: ক

৫। ‘আম আঁটির ভেঁপু’ গল্পের লেখক যেটি এড়িয়ে গেছেন তা হলো- [সি. বো. ’২০]

ক) শৈশবে দারিদ্রের কষ্ট খ) অপু ও দূর্গার দুরন্তপনা

গ) প্রকৃতি ও মানুষের জীবন ঘ) ফল-ফলাদি গ্রহণের আনন্দ উত্তর: ক

৬। ‘আম-আঁটির ভেঁপু’ গল্পের মূল সুর কী? [ব. বো. ‘২০]

ক) জীবনঘনিষ্ঠতা খ) প্রকৃতি ঘনিষ্ঠতা গ) দারিদ্র্য ঘ) চিরায়ত শৈশব উত্তর: ঘ

৭। হরিহর রায়ের জ্ঞাতি ভ্রাতা কে? [দি. বো. ’২০]

ক) নীলমণি রায় খ) অন্নদা রায় গ) অধর রায় ঘ) নীলকান্ত রায় উত্তর: ক

৮। হরিহরের ঘরের দোর জানালার কপাট কিসের দড়ি দিয়ে গরাদের সঙ্গে বাঁধা ছিলো? [ম. বো. ‘১৯]

ক) পাটের দড়ি খ) খড়ের দড়ি গ) নাইলনের দড়ি ঘ) নারকেলের দড়ি উত্তর: ঘ

৯। বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায় কোন উপন্যাসের জন্য রবীন্দ্রপুরস্কারে ভূষিত হন? [সি বো ’১৯]

ক) অপুর খ) হরিহরের গ) সর্বজয়ার ঘ) দূর্গার উত্তর: ঘ

১০। সর্বজয়ার চিরন্তন মাতৃরূপের প্রকাশ ঘটে কোন উক্তিতে? [য বো ‘১৯]

ক) পথের পাঁচালী খ) অপরাজিতা গ) ইছামতি ঘ) আরণ্যক উত্তর: খ

১১। সর্বজয়ার চিরন্তন মাতৃরূপের প্রকাশ ঘটে কোন উক্তিতে? [য বো ‘১৯]

ক) আজকাল চাষাদের ঘরে লক্ষী বাঁধা খ) ফের দ্যাখো না এই জ্বরে পড়লো বলে

গ) ও দুগগা, দেখ তো বাছুরটা হাঁক পাড়ছে কেন? ঘ) ইচ্ছে করে একদিকে বেরিয়ে যাই উত্তর: খ

## বহুনির্বাচনী

১২। রায়বাড়িতে হরিহরের বেতন ছিলো কত টাকা? [ব বো '১৯]

ক) আট খ) দশ গ) বারো ঘ) চৌদ্দ উত্তর: ক

১৩। 'আম-আঁটির ভেঁপু' গল্পের টোল-খাওয়া ভেঁপু বাঁশিটার দাম কত? [সকল বো. '১৮]

ক) চার পয়সা খ) পাঁচ পয়সা গ) ছয় পয়সা ঘ) সাত পয়সা উত্তর: ক

১৪। 'আম-আঁটির ভেঁপু' গল্পে অপুর মায়ের নাম কী? [রা বো '১৭]

ক) স্বর্ণ গোয়ালিনী খ) সর্বজয়া গ) দূর্গা ঘ) লক্ষ্মী উত্তর: খ

১৫। দূর্গা যখন অপুকে ডেকেছিল তখন অপু কোথায় অবস্থান করছিলো? [কু বো '১৭]

ক) বারান্দায় খ) ঘরের ভেতর গ) নারকেল তলায় ঘ) কাঁঠাল তলায় উত্তর: ক

১৬। 'রোয়াক' অর্থ কী? [চ বো '১৬]

ক) জানালা খ) চেয়ার গ) খেলার মাঠ ঘ) বারান্দা উত্তর: ঘ

১৭। পল্লিমায়ের শ্বাশত রূপ ফুটে উঠেছে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন চরিত্রে? [সি বো '১৬]

ক) দূর্গা খ) নীলমণি গ) স্বর্ণ গোয়ালিনী ঘ) সর্বজয়া উত্তর: ঘ

১৮। গঙ্গা-যমুনা খেলার জন্য অপু কী হাতে নিল? [দি বো '১৬]

ক) লাটিম খ) মার্বেল গ) বাঁশি ঘ) খাপরা উত্তর: ঘ

১৯। 'লেখক শরৎচন্দ্রের পরে বাংলা কথা সাহিত্যের সবচেয়ে জনপ্রিয় শিল্পী কে? [কু বো '১৫]

ক) মানিক বন্দ্যোপাধ্যায় খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

গ) তারাশঙ্কর বন্দ্যোপাধ্যায় ঘ) বনফুল উত্তর: খ

২০। দূর্গা আঁচলের খুঁট খুলে কিসের বিচি বের করেছিল? [সি বো '১৫]

ক) নাটা ফলের খ) বৈচি ফলের গ) রড়া ফলের ঘ) তেল কুচার উত্তর: গ

২১। 'মা ঘাট থেকে আসেনি তো?'- দূর্গার এ কথায় প্রকাশ পেয়েছে- [ব বো '১৫]

ক) সতর্কতা খ) অভিমান গ) সন্দেহ ঘ) ভয় উত্তর: ক

২২। অনেকদিন হরিহর রায়ের বাড়িটি- [দি বো '১৫]

ক) রং করা হয়নি খ) ধোয়ামোছা হয়নি

গ) মেরামত করা হয়নি ঘ) পরিষ্কার করা হয়নি উত্তর: গ

# বহুনির্বাচনী

২৪। ফটিক মাঠে ঘাটে ঘুরে বেড়ায়। সব বিষয়ে তার জানার অসীম আগ্রহ। ফটিক চরিত্রের সাথে অপু-দূর্গা যেদিক থেকে সাদৃশ্যপূর্ণ তা হলো। [রা বো '১৫]

i. কৌতূহলপ্রবণ ii. চাঞ্চল্যতা iii. প্রকৃতিঘনিষ্ঠতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাওঃ** [কু বো '১৯]

ছেলেটার বয়স হবে বছর দশেক
পথে ঘরে মানুষ
মার খায় দমাদম
গাল খায় অজস্র
ছাড়া পেলেই আবার দৌড় দেয়

২৫। উদ্দীপকের ছেলেটার সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পে কোনটিতে দূর্গার মিল রয়েছে?

ক) দুরন্তপনায় খ) চতুরতায় গ) অবাধ্যতায় ঘ) ভবঘুরে স্বভাবে উত্তর: ক

২৬। উদ্দীপক ও 'আম-আঁটির ভেঁপু' গল্পে যা ফুটে উঠেছে তা হলো-

i. সোনালি শৈশব স্মৃতি ii. ভবঘুরে জীবনচিত্র iii. কৈশোরের চঞ্চলতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৫ এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাওঃ** [ঢা বো '১৬]

বাঁশবাগানের মাথার উপর চাঁদ উঠেছে ঐ
মাগো আমার শোলক বলা কাজলা দিদি কই?

২৭। উদ্দীপকে ফুটে উঠা দিকটি 'আম-আঁটির ভেঁপু' গল্পের কোন বিশেষ দিকটিকে তুলে ধরে?

ক) রাতের প্রকৃতির চিত্র খ) গ্রাম বাংলার প্রকৃতি

গ) ভাই বোনের সম্পর্ক ঘ) মায়ের শাশ্বত রূপ উত্তর: গ

২৮। উদ্দীপক ও 'আম-আঁটির ভেঁপু' গল্পে যা ফুটে উঠেছে তা হলো-

i. কিশোর মন ii. দারিদ্রের চিত্র iii. প্রকৃতি ঘনিষ্ঠতা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

## বহুনির্বাচনী

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ** [কু বো '১৫]

১৩-১৪ বছর বয়সের কিশোর টুনি। বিয়ে হলেও সংসার সম্পর্কে তেমন কিছুই বোঝে না সে। সারাদিন পাড়া বেড়ানো, মাছমারা, শাপলা তোলা, খেজুর গাছে চড়ে রস পাড়া এসব কিছুতেই যেন আনন্দ তার।

২৯। উদ্দীপকের টুনির সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের কার মিল রয়েছে?

ক) অপু  খ) দূর্গা  গ) জয়া  ঘ) স্বর্গ  উত্তর: খ

৩০। সাদৃশ্যপূর্ণ চরিত্র দু'টির ভাবগত ঐক্য হলো-

i. দুরন্তপনায়  ii. কৈশোরের চঞ্চলতায়  iii. সাংসারিক বৈরাগ্যে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii  খ) i ও iii  গ) ii ও iii  ঘ) i, ii ও iii  উত্তর: ক

### বই পড়া

১। 'বই পড়া' প্রবন্ধটি কোন গ্রন্থ থেকে সংকলিত হয়েছে? [য. বো. ১৭]

ক) গল্প-সংগ্রহ  খ) প্রবন্ধ-সংগ্রহ  গ) প্রবন্ধ-সংকলন  ঘ) নির্বাচিত প্রবন্ধ  উত্তর: খ

২। 'বই পড়া' প্রবন্ধে 'আত্মরক্ষাও অকর্তব্য নয়'- এখানে 'আত্মরক্ষা' বলতে বোঝানো হয়েছে [কু. বো. '১৭]

ক) নিজেকে রক্ষা করা  খ) পেটের ক্ষুধা নিবৃত্তি

গ) মনের চাহিদা পূরণ  ঘ) যথার্থ শিক্ষিত হয়ে ওঠা  উত্তর: গ

৩। 'বই পড়া' প্রবন্ধে প্রাবন্ধিক সমালোচনা করেছেন- [দি. বো. ১৭]

ক) শিক্ষাব্যবস্থার  খ) শিক্ষা প্রতিষ্ঠান  গ) সাহিত্যের  ঘ) শিক্ষার্থীর  উত্তর: ক

৪। কোন শক্তির বলে শিষ্য নিজের মন নিজে গড়ে তোলে? [ঢা. বো. '১৬]

ক) আত্মার  খ) গুরুর  গ) সাহিত্যের  ঘ) ডেমোক্রেসির  উত্তর: ক

৫। শিক্ষা কেউ কাউকে দিতে পারে না। কারণ শিক্ষা হলো- [রা. বো. '১৬]

ক) চর্চার বিষয়  খ) অর্জনের বিষয়

গ) অধ্যয়নের বিষয়  ঘ) অনুশীলনের বিষয়  উত্তর: খ

৬। যে জাতি মনে বড় নয়, সে জাতি জ্ঞানেও বড় নয়- এটি কার উক্তি? [কু. বো. '১৬]

ক) রোকেয়া সাখাওয়াত হোসেনের  খ) মোতাহের হোসেন চৌধুরীর

গ) জাহানারা ইমামের  ঘ) প্রমথ চৌধুরীর  উত্তর: ঘ

## বহুনির্বাচনী

৭। প্রমথ চৌধুরীর মতে কোন কথাটি শুনলে অনেকে চমকে উঠবেন? [চ. বো. '১৬]

ক) বইপড়া সর্বশ্রেষ্ঠ শখ

খ) ধর্মের চর্চা মন্দিরের বাইরেও চলে

গ) শিক্ষকের সার্থকতা শিক্ষা দান করায় নয়

ঘ) লাইব্রেরির সার্থকতা স্কুল-কলেজের চাইতে একটু বেশি — উত্তর: গ

৮। 'দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, আত্মার হয় না'- প্রমথ চৌধুরীর এ মন্তব্যে কী প্রকাশ পেয়েছে? [সি. বো. '১৬]

ক) জাতীয় দৃষ্টিভঙ্গির সংকীর্ণতা
খ) স্বাস্থ্য সেবার খন্ডিত রূপ
গ) মানসিক স্বাস্থ্যের প্রতি উদাসীনতা
ঘ) শিক্ষাপদ্ধতির সীমাবদ্ধতা — উত্তর: গ

৯। নিচের কোন বানানটি শুদ্ধ? [সি. বো. '১৬]

ক) ক্ষীণ খ) শির্ন গ) জীর্ন ঘ) সিরনি — উত্তর: ক

১০। বিদ্যার সাধনায় গুরুকে উত্তরসাধক বলা হয়েছে কেন? [ব. বো. '১৬]

ক) শিষ্যকে বিদ্যা শেখান বলে
খ) শিষ্যকে উদ্বুদ্ধ করেন বলে
গ) শিষ্যকে মানুষ করে তোলেন বলে
ঘ) শিষ্যকে জ্ঞানী করে তোলেন বলে — উত্তর: খ

১১। বাংলা সাহিত্যে কাকে 'বীরবল' নামে অভিহিত করা হয়? [ঢা. বো. '০৬]

ক) রবীন্দ্রনাথ ঠাকুরকে
খ) কাজী নজরুল ইসলামকে
গ) প্রমথ চৌধুরীকে
ঘ) ড. মুহম্মদ শহীদুল্লাহকে — উত্তর: গ

১২। 'বই পড়া' প্রবন্ধে লেখকের মতে কোথায় দর্শনের চর্চা করা যায়? [ঢা. বো. '১৫]

ক) জাদুঘরে খ) গুহায় গ) মন্দিরে ঘ) লাইব্রেরিতে — উত্তর: খ

১৩। 'বই পড়া' প্রবন্ধে গুরুকে উত্তরসাধক বলা হয়েছে, কারণ গুরু- [রা. বো. '১৫]

ক) শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন
খ) শিষ্যকে শিক্ষা দান করেন
গ) শিষ্যের জ্ঞান বৃদ্ধি করেন
ঘ) শিষ্যকে পড়া মুখস্থের তাগিদ দেওয়ায় — উত্তর: ক

১৪। "কেননা দেহের মৃত্যুর রেজিস্টারি রাখা হয়, আত্মার হয় না।"- বাক্যটি তোমার পঠিত কোন রচনা থেকে নেওয়া হয়েছে? [কু. বো. '১৫]

ক) নিরীহ বাঙালি খ) শিক্ষা ও মনুষ্যত্ব গ) বই পড়া ঘ) নিমগাছ — উত্তর: গ

## বহুনির্বাচনী

১৫। 'ডেমোক্রেসির গুরুরা' বলতে প্রমথ চৌধুরী কাদের বুঝিয়েছেন? [ব. বো. '১৫]

ক) ফরাসি খ) ভারতীয় গ) ইংরেজ ঘ) আমেরিকান উত্তর: গ

১৬। প্রমথ চৌধুরীর সাহিত্যিক ছদ্মনাম কী? [দি. বো. '১৫]

ক) পি. চৌধুরী খ) পদ্মভূষণ গ) বীরবল ঘ) বীর সিংহ উত্তর: গ

১৭। 'জ্ঞানের সৃষ্টি মন সাপেক্ষ'- 'মন সাপেক্ষ' অর্থ কী? [দি. বো. '১৫]

ক) মনোবাঞ্ছিত খ) মনোনিবিষ্ট গ) মনোনির্ভরশীল ঘ) মনোগ্রাহ্য উত্তর: খ

১৮। কোন মৃত্যুর রেজিস্টারি রাখা হয় না? [দি. বো. '১৫]

ক) আত্মার খ) দেহের গ) পাখির ঘ) পশুর উত্তর: ক

১৯। 'সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত'- উক্তিটি কার? [সকল বোর্ড '১১]

ক) প্রমথ চৌধুরীর খ) মোতাহের হোসেন চৌধুরীর

গ) মুহম্মদ শহীদুল্লাহর ঘ) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায়ের উত্তর: ক

২০। কাব্যামৃতে যে আমাদের অরুচি ধরেছে সে দোষ আমাদের- [সকল বোর্ড '১২; দি. বো. '১৬]

ক) শিক্ষার খ) নিজেদের গ) স্কুল-কলেজের ঘ) সমাজব্যবস্থার উত্তর: ক

২১। 'বই পড়া' প্রবন্ধের মূল উপজীব্য কী? [সকল বোর্ড '১১]

ক) দেশের ভুল শিক্ষাপদ্ধতি ব্যাখ্যা করা খ) সাহিত্যচর্চার প্রতি গুরুত্বারোপ

গ) জনগণকে বই কেনার প্রতি উদ্বুদ্ধ করা ঘ) ঘরে ঘরে লাইব্রেরি গড়ে তোলা উত্তর: গ

২২। প্রমথ চৌধুরীর মতে 'যথার্থ শিক্ষিত' ব্যক্তি মাত্রই- [সকল বোর্ড '১০]

ক) প্রগতিশীল খ) কেতাবি গ) ডিগ্রীধারী ঘ) করিৎকর্মা উত্তর: ক

২৩। একজন যথার্থ শিক্ষকের সার্থকতা সেখানে যদি শিক্ষার্থীর- [ঢা. বো. '১৭]

i. খেলাধুলা উন্নতি হয়

ii. আত্মা উদ্বোধিত হয়

iii. অন্তর্নিহিত প্রচ্ছন্ন শক্তি জাগ্রত হয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: গ

## বহুনির্বাচনী

২৪। 'বই পড়া' এবং 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ দুটির মূল আলোচ্য বিষয়- [ঢা. বো. '১৬]

i. জ্ঞানচর্চা ii. সংস্কৃতিবোধ iii. আত্মার মুক্তি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: খ

২৫। সাহিত্যচর্চা শিক্ষার সর্বপ্রধান অঙ্গ, কারণ এটি- [য. বো. '১৬]

i. স্বশিক্ষিত হওয়ার সুযোগ দেয়

ii. জাতীয় সমৃদ্ধি অর্জনে সহায়তা করে

iii. সুশিক্ষিত হওয়ার সুযোগ দেয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ নং ও ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ** [য. বো. '১৫]

লালন শাহ্ মানবতাবাদী মরমি কবি। প্রাতিষ্ঠানিক বিদ্যালাভ না করলেও নিজের চিন্তা ও সাধনায় তিনি হিন্দু ও মুসলমানের ধর্মীয় শাস্ত্র সম্পর্কে বিশেষ জ্ঞান অর্জন করেন। এই জ্ঞানের সঙ্গে নিজের অভিজ্ঞতা ও উপলব্ধির মিলনে তিনি নতুন এক দর্শন প্রচার করেন।

২৬। 'বই পড়া' প্রবন্ধ অনুসরণে উদ্দীপকের মনীষী লালন শাহ্ হলেন-

i. যথার্থ গুরু ii. স্বশিক্ষিত iii. সুশিক্ষিত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

২৭। 'বই পড়া' প্রবন্ধের কোন বক্তব্যটি উক্ত মনীষীর ক্ষেত্রে প্রযোজ্য?

ক) পাস করা ও শিক্ষিত হওয়া এক বস্তু নয়

খ) শিক্ষা কেউ কাউকে দিতে পারে না

গ) যিনি যথার্থ গুরু তিনি শিষ্যের আত্মাকে উদ্বোধিত করেন

ঘ) সুশিক্ষিত লোক মাত্রই স্বশিক্ষিত উত্তর: ঘ

### মানুষ মুহাম্মদ (স.)

১। "এদের জ্ঞান দাও প্রভু এদের ক্ষমা কর।"- এ উক্তিতে মুহাম্মদ (স.) এর কোন গুণটি প্রকাশ পেয়েছে? [ঢা বো '২০]

ক) ক্ষমাশীলতা খ) সহনশীলতা গ) মহানুভবতা ঘ) উদারতা উত্তর: গ

## বহুনির্বাচনী

২। 'আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই'- 'মানুষ মুহাম্মদ (সা)' প্রবন্ধের এই উক্তিতে কী প্রকাশ পেয়েছে? [ব বো '২০]

ক) সত্য প্রচারে নির্ভীকতা
খ) মানুষের প্রতি ভালোবাসা
গ) ধারণ যাপিত জীবন
ঘ) শত্রুর প্রতি ক্ষমা প্রদর্শন
উত্তর: গ

৩। তায়েফ কী? [দি বো. '২০]

ক) সৌদি আরবের দক্ষিণাঞ্চলের একটি উর্বর প্রদেশ
খ) মুসলিম বিশ্বের একটি সম্মানিত নগরী
গ) কাবার নিকটে অবস্থিত একটি ছোট শহর
ঘ) সৌদি আরবের অন্যতম প্রধান নগরী
উত্তর: ক

৪। কার অসাধারণ যোগ্যতা, বুদ্ধি, বিচারশক্তি, বলিষ্ঠ দেহ দেখিয়া মানুষ অবাক হইয়া যাইত? [ম. বো. '২০]

ক) মুহাম্মদ (সা) এর
খ) আবুবকর (রা) এর
গ) ওমর (রা) এর
ঘ) উসমান (রা) এর
উত্তর: ক

৬। "আমি এমন এক নারীর সন্তান, সাধারণ শুষ্ক মাংসই ছিলো যাহার নিত্যদিনকার আহার্য"- এ কথায় প্রকাশ পেয়েছে হযরতের- [চ বো '২০]

i. ঔদার্যবোধ
ii. সামান্যতাবোধ
iii. মহত্ববোধ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) ii
গ) ii ও iii
ঘ) i, ii ও iii
উত্তর: খ

৭। 'হযরতের মৃত্যুর কথা প্রচারিত হইলে মদিনায় যেন আঁধার ঘনাইয়া আসিলো'- এখানে 'আঁধার ঘনাইয়া আসিলো' কথাটি দ্বারা কী বুঝানো হয়েছে? [ঢা. বো. '১৯]

ক) রাত্রি হয়ে যাওয়া
খ) বিপদ ঘনিয়ে আসা
গ) শোক বিহবল হয়ে পড়া
ঘ) সুর্যোগ নেমে আসা
উত্তর: গ

৮। 'মানুষ মুহাম্মদ (স)' প্রবন্ধে 'সুমহান প্রতিশোধ' কথাটি দ্বারা নবীজির কোন গুণটি তুলে ধরা হয়েছে? [রা বো '১৯]

ক) অনুগ্রহ
খ) সাধুতা
গ) মহত্ব
ঘ) ত্যাগ
উত্তর: গ

# বহুনির্বাচনী

৯। 'মানুষ মুহাম্মদ (স)' প্রবন্ধে 'সুমহান প্রতিশোধ' বলা হয়েছে কোনটিকে? [য বো '১৯]

ক) ভীত ব্যক্তিকে অভয় দেয়াকে খ) তায়েফবাসীকে ক্ষমা করাকে

গ) মক্কাবাসীকে মুক্ত করে দেয়াকে ঘ) অপমানের শর্ত মেনে নেয়াকে উত্তর: গ

১০। হুদায়বিয়ার সন্ধিতে হযরত মুহাম্মদ (স) এর চরিত্রের কোন দিকটির পরিচয় মেলে? [কু বো '১৯]

ক) ধর্মীয় চেতনার খ) ধর্মনিরপেক্ষতার

গ) উদার মানবিকতার ঘ) রাজনৈতিক দূরদর্শিতার উত্তর: ঘ

১১। নিচের কোনটি বৈরী শব্দের অর্থ বহন করে? [সি বো '২০; '১৯]

ক) পৌত্তলিক খ) অরাতি গ) বীরবাহু ঘ) রাহী উত্তর: খ

১২। হযরত মুহাম্মদ (স) কী হিসেবে তার জীবন রূপায়িত করেছেন? [দি বো '১৯]

ক) প্রেম ও দয়ার মূর্ত প্রতীক খ) মানুষের অনুকরণীয়

গ) ক্ষমার মূর্ত প্রতীক ঘ) মানুষের শ্রেষ্ঠ আদর্শ উত্তর: ঘ

১৩। মতিন মিয়া অফিসের সব কাজ যথা সময়ে সুন্দরভাবে করেন। বড় অফিসার তার প্রশংসা করলেও তার সহকর্মীরা প্রায়ই তাকে ঠাট্টা-বিদ্রুপ করে। তিনি সবই নীরবে সহ্য করেন, কাউকে কিছু বলেন না।

উদ্দীপকের মতিন চরিত্রে প্রকাশিত গুণটি 'মানুষ মুহাম্মদ (স)' রচনায় যে বাক্যে ফুটে উঠেছে- [ব বো '১৯]

ক) তাঁহারদের পঙক্তিতে আমার স্থান দাও খ) এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর

গ) আমি রাজা নই, সম্রাট নই, মানুষের প্রভু নই ঘ) আজ তোমরা সবাই স্বাধীন, সবাই মুক্ত উত্তর: খ

১৪। হযরতের চরিত্র মধুময় হয়ে উঠেছিলো- [ঢা বো '১৭]

ক) গুরুগম্ভীর নীরবতায় খ) মধুবর্ষী মুখের ভাষণে

গ) বিনীত নম্র প্রকৃতিতে ঘ) সত্যের নিবিড় সাধনায় উত্তর: ঘ

১৫। 'তোমার পতাকা যদি দিয়াছো প্রভু, হীন আমি, তুচ্ছ আমি, নির্বল আমি, তাহা বহন করিবার শক্তি আমায় দাও'- এ উক্তিতে প্রকাশ পেয়েছে হযরত মুহাম্মদ (সা) এর কোন মনোভাব? [রা বো '১৭]

ক) ইসলামী সম্রাজ্য প্রতিষ্ঠা খ) শত্রুদের বিনাশ করা

গ) আল্লাহর বাণী প্রচার করা ঘ) মানুষকে ক্ষমা করা উত্তর: গ

১৬। 'এদের জ্ঞান দাও প্রভু, এদের ক্ষমা কর।'- এই উক্তিতে হযরত মুহাম্মদ (সা) এর কোন গুণটি প্রকাশ পেয়েছে? [চ বো '১৭]

ক) বিশ্বস্ততা খ) ক্ষমাশীলতা গ) বিচক্ষণতা ঘ) অনাড়ম্বরতা উত্তর: খ

# বহুনির্বাচনী

১৭। 'না না, তাহা কখনই সম্ভব না।'- কোনটি সম্ভব ছিলো না? [সি বো '১৭]

ক) শত্রুদের অভিসম্পাত করা
খ) শত্রুদের প্রতিরোধ করা
গ) শত্রুদের সাথে সন্ধি করা
ঘ) শত্রুদের বঞ্চনা করা
উত্তর: ক

১৮। একটি মাত্র পিরান কাচিয়া শুকায়নি তাহা বলে, রোদ্রে ধরিয়া বসিয়া আছে গো খলিফা আঙিনা তলে। উদ্দীপকে মহানবী (স) চরিত্রের প্রতিফলিত দিকটি হচ্ছে- [ব বো '১৭]

ক) দারিদ্রতা
খ) আড়ম্বরহীনতা
গ) মানবিকতা
ঘ) নৈতিকতা
উত্তর: ক

১৯। কোন যুদ্ধের নাম খন্দক? [দি বো '১৭]

ক) খয়বর
খ) ওহুদ
গ) বদর
ঘ) আহযাব
উত্তর: ঘ

২০। 'হিযরত' শব্দের শাব্দিক অর্থ কী? [ঢা বো '১৬]

ক) পলায়ন
খ) পরিত্যাগ
গ) পরিবর্তন
ঘ) শুভ সূচনা
উত্তর: খ

২১। 'হুদায়বিয়া' হলো একটি- [ব বো '১৫]

ক) নগরী
খ) উর্বর প্রদেশ
গ) যুদ্ধক্ষেত্র
ঘ) সন্ধিপত্র
উত্তর: গ

২২। হযরত (স) এর ললাট কুঞ্চিত হলো কেন? [দি বো '১৬]

ক) বক্তৃতায় বাঁধা পেয়ে
খ) শত্রুর প্রস্তরাঘাতে
গ) কাফিররা গালিগালাজ করায়
ঘ) শারীরিক অসুস্থতায়
উত্তর: ক

২৩। কার স্মৃতি রক্ষার্থে হজব্রতীরা সাফা-মারওয়া দৌড়ে থাকেন? [রা বো '১৫]

ক) হযরত ইসমাইল (আ)
খ) হযরত ইব্রাহিম (আ)
গ) বিবি হাজেরা (রা)
ঘ) আয়েশা (রা)
উত্তর: গ

২৪। কোন যুদ্ধে হযরতের পরাজয়ের মিথ্যা সংবাদ শুনে হযরতের মৃত্যু সম্ভাবনায় শত্রুরা আনন্দে আত্মহারা হয়ে পড়লো? [য বো '১৫]

ক) বদর যুদ্ধে
খ) ওহুদ যুদ্ধে
গ) আহযাব যুদ্ধে
ঘ) খয়বরের যুদ্ধে
উত্তর: ঘ

২৫। মোহাম্মদ ওয়াজেদ আলী জন্মগ্রহণ করেন- [ব বো '১৫]

ক) ১৮৮৬ খ্রিষ্টাব্দে
খ) ১৮৯৪ খ্রিষ্টাব্দে
গ) ১৯৯৯ খ্রিষ্টাব্দে
ঘ) ১৮৯৬ খ্রিষ্টাব্দে
উত্তর: ঘ

২৬। কোথায় সত্য প্রচার করতে গিয়ে হযরত মুহাম্মদ (সা) প্রস্তারাঘাতে আহত হন? [সি বো '১৫; দি বো '১৫]

ক) হুদায়বিয়ায়
খ) মদিনায়
গ) তায়েফে
ঘ) মক্কায়
উত্তর: গ

## বহুনির্বাচনী

২৭। হযরত মুহাম্মদ (স) প্রস্তর নিক্ষেপকারী মক্কার পৌত্তলিকদের জন্য আল্লাহর কাছে কী প্রার্থনা করেছেন? [সকল বোর্ড '১০]

ক) ক্ষমা খ) কল্যাণ গ) সাহায্য ঘ) করুণা উত্তর: ক

২৮। হযরত মুহাম্মদ (স) বড় আদর করতেন- [য বো '১৫]

i. দুর্বলদেরকে ii. দুঃখীদেরকে iii. অন্ধদেরকে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

**নিচের উদ্দীপকটি পড়ে ২৯ এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ** [সি বো '১৬]

রফিক মায়ের মৃত্যুর খবর শুনে পাগল হয়ে উঠে। সে প্রলাপ করে বলে তার মা মরতেই পারে না। তার চাচা বলেন অস্থির হয়ো না, মৃত্যু মানুষের ভাগ্য এবং শেষ পরিণতি।

২৯। উদ্দীপকের রফিকের চাচার সাথে 'মানুষ মুহাম্মদ (সা)' প্রবন্ধের মিল পাওয়া যায় কার সাথে?

ক) হযরত মুহাম্মদ (সা) খ) হযরত আবু বকর (রা)

গ) হযরত ওমর (রা) ঘ) হযরত আয়েশা (রা) উত্তর: খ

৩০। উদ্দীপকের চাচার সঙ্গে পাঠ্যবইয়ের বক্তার মানসিকতার মিল রয়েছে-

i. যুক্তিবাদী মানসিকতার ii. আবেগপ্রবণতার iii. দৃঢ় মনোবলের

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: খ

### নিমগাছ

১। 'মাটির ভিতরে শিকড় অনেক দূরে চলে গেছে'- এখানে 'শিকড়' বলতে বোঝানো হয়েছে- [ঢা. বো. ১৭]

ক) শিকড়ের বিস্তৃতি খ) বউয়ের সংসারের জালে চারিদিকে আবদ্ধ হওয়া

গ) নিমগাছের বিস্তৃতি ঘ) নিমগাছটির প্রিয়তা উত্তর: খ

২। ঘৃতকুমারীর নরম অংশ দিয়ে শরবত তৈরি করা হয়। এর শরবত স্বাস্থ্যের জন্য খুবই উপকারী। উদ্দীপকের ঘৃতকুমারীর সাথে 'নিমগাছ' গল্পের নিমগাছের যেদিক থেকে সাদৃশ্য রয়েছে, তা হলো- [রা. বো. '১৭]

ক) সৌন্দর্যের খ) অবহেলার গ) কল্যাণের ঘ) আকৃতির উত্তর: গ

## বহুনির্বাচনী

৩। নিমগাছের দিকে মুগ্ধ দৃষ্টিতে তাকিয়ে থাকা ব্যক্তিটি কোন প্রকৃতির? [কু. বো. ১৭]

ক) উপকারভোগী খ) ভাবুক প্রকৃতির গ) ভাবুক প্রকৃতির ঘ) অনুসন্ধিৎসু উত্তর: খ

৪। 'গৃহকর্ম নিপুণা লক্ষ্মী বউটির ঠিক এক দশা।' 'নিমগাছ' গল্পে 'এক দশা' শব্দটি নিমগাছ ও লক্ষ্মী বউকে সমর্থন করে– [চ. বো. ১৭]

ক) জীবনধারায় খ) উপকারী মনোভাব

গ) প্রশংসা প্রাপ্তিতে ঘ) নিরহংকারী চেতনায় উত্তর: ক

৫। 'একঝাক নক্ষত্র নেমে এসেছে যেন নীল আকাশ থেকে সবুজ সায়রে' এখানে 'নক্ষত্র' বলতে বোঝানো হয়েছে- [সি. বো. '১৭]

ক) নিমগাছের কচি পাতাগুলোকে খ) নিমগাছের সুন্দর রূপকে

গ) নিমগাছের ফুলের বাহারকে ঘ) নিমগাছের কচি ডালগুলোকে উত্তর: গ

৬। 'নিমগাছ' গল্পে লেখক মূলত প্রকাশ করতে চেয়েছেন- [ব. বো. '১৫, ১৭]

ক) নিমের ঔষধি গুণের কথা খ) পরিবেশবান্ধবতা

গ) নিমগাছের প্রতি দায়িত্বহীনতা ঘ) সমাজে গৃহিণীর বাস্তবতা উত্তর: ঘ

৭। নিমের কচি ডাল ভেঙ্গে লোকেরা কী করে? [ঢা. বো. '১৬]

ক) চিবোয় খ) খেলা করে গ) বেত মারে ঘ) মশা তাড়ায় উত্তর: ক

৮। 'নিমগাছ' গল্পে 'শিকড়' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [রা. বো. '১৬]

ক) পরোপকার খ) দায়িত্বশীলতা গ) সাংসারিক বন্ধন ঘ) অস্তিত্ব উত্তর: গ

৯। 'নিমের হাওয়া ভালো থাক, কেটো না'- কে বলে? [য. বো. '১৬]

ক) নতুন লোক খ) কবি গ) কবিরাজ ঘ) বিজ্ঞরা উত্তর: ঘ

১০। নিমগাছের কচি পাতাগুলো খেলে কী লাভ হয়? [চ. বো. '১৬]

ক) রোগপ্রতিরোধ ক্ষমতা বাড়ে খ) চুলকানি ভালো হয়

গ) যকৃতের উপকার করে ঘ) দাঁত ভালো থাকে উত্তর: গ

১১। 'কবিরাজরা প্রশংসায় পঞ্চমুখ'- লাইনটি দ্বারা কোনটি বোঝায়? [দি. বো. '১৬]

ক) নিমগাছ উপকারী খ) এটি বাড়ির শোভাবর্ধনকারী

গ) এটি পরিবেশবান্ধব ঘ) এটি খর্বকায়, ক্ষুদ্রাকৃতি উত্তর: গ

# বহুনির্বাচনী

১২। 'এক ঝাঁক নক্ষত্র নেমে এসেছে।' এখানে 'নক্ষত্র' বলতে বোঝানো হয়েছে নিমগাছের- [ঢা. বো. '১৫]

ক) পাতাকে খ) ফুলকে গ) কান্ডকে ঘ) ডালকে উত্তর: খ

১৩। যৌথ পরিবারে সবার রান্নাবান্না থেকে শুরু করে সব ধরনের কাজের তদারক করে মোহিনী। কিন্তু সে খেয়েছে কিনা, কেউ তাকে জিজ্ঞাসা করে না।

উদ্দীপকের ভাবটি কোন গল্পের সাথে সাদৃশ্যপূর্ণ? [রা. বো. '১৫]

ক) মমতাদি খ) নিমগাছ গ) অভাগীর স্বর্গ ঘ) দেনাপাওনা উত্তর: খ

১৪। 'এক ঝাঁক নক্ষত্র নেমে এসেছে যেন নীল আকাশ থেকে সবুজ সায়রে'- এখানে 'সবুজ সায়রে' বলতে কোনটিকে বোঝানো হয়েছে? [য. বো. '১৫]

ক) নিমফুল খ) নিমফল গ) নিমপাতা ঘ) কচি ডাল উত্তর: গ

১৫। নিমগাছটার কার সাথে যেতে ইচ্ছে করল? [কু. বো. '১৫]

ক) কবিরাজের খ) লোকটার গ) লেখকের ঘ) বিজ্ঞের উত্তর: গ

১৬। বনফুলের প্রকৃত নাম কী? [দি. বো. '১৫]

ক) বলাইচাঁদ মুখোপাধ্যায় খ) রবীন্দ্রনাথ ঠাকুর

গ) প্রমথ চৌধুরী ঘ) মানিক বন্দ্যোপাধ্যায় উত্তর: ক

১৭। নিমগাছ বিশেষভাবে প্রয়োজনীয়, কারণ- [কু. বো. '১৬]

i. ঔষধি বৃক্ষ

ii. নিমের হাওয়া স্বাস্থ্যের জন্য উপকারী

iii. দৃঢ় মনোবলের

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

১৮। বাহ্যিক উপকারিতায় ব্যবহার করা হয় নিমগাছের - [সি. বো. '১৬]

i. পাতা, বাকল

ii. শিকড়, পাতা

iii. বাকল ও ছায়া

নিচের কোনটি সঠিক?

ক) i খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

## বহুনির্বাচনী

১৯। বাড়ির পাশে নিমগাছ গজালে বিজ্ঞরা খুশি হন যে কারণে- [ব. বো. '১৬]

i. নিমগাছের হাওয়া ভালো

ii. নিম একটি উপকারী গাছ

iii. এটি যত্ন ছাড়াই বেড়ে ওঠে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

২০। 'মাটির ভিতরে শিকড় অনেক দূর চলে গেছে'- বাক্যটি দ্বারা 'নিমগাছ' গল্পে বোঝানো হয়েছে- [চ. বো. '১৫]

i. শিকড় চারিদিকে বিস্তৃত হয়েছে

ii. বউটি সংসারের মায়াজালে আবদ্ধ হয়েছে

iii. উপযুক্ত পরিবেশ পেয়েছে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) ii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: খ

**নিচের উদ্দীপকটি পড়ে ২১ নং ও ২২ নং প্রশ্নের উত্তর দাওঃ** [য. বো. '১৭]

"কে তোমায় বলে বারাঙ্গনা মা,
কে দেয় থুথু ওই গায়ে,
হয়তো তোমায় স্তন্য দিয়েছে
সীতা সম সতী মায়ে।"

১। কবিতাংশের ভাবের সাথে তোমার পাঠ্য কোন রচনার সাদৃশ্য রয়েছে?

ক) প্রমিত খ) সাধু গ) চলিত ঘ) আঞ্চলিক উত্তর: ক

১৯। সাদৃশ্যপূর্ণ ভাবটি হলো—

i. নারীর অবমূল্যায়ন

ii. শাশ্বত মাতৃত্ব

iii. নারীর সম্মান

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

## বহুনির্বাচনী

### শিক্ষা ও মনুষ্যত্ব

১। অর্থচিন্তা থেকে মুক্তি পেতে হলে করণীয়- [ঢা.বো.'২০]

ক) শিক্ষার প্রয়োজনীয় দিককে গুরুত্ব দেওয়া খ) মূল্যবোধ জাগ্রত করা

গ) লক্ষ্য সম্বন্ধে সচেতন করা ঘ) অন্নচিন্তার সমাধান করা উত্তর: খ

২। "পায়ের কাঁটার দিকে বার বার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না"- এ উক্তির 'পায়ের কাটা' হলো- [রা.বো. '২০]

ক) শিকল খ) অন্ধকার গ) ক্ষুধা ঘ) কল্পনা উত্তর: গ

৩। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে আলো হাওয়ার স্বাদবঞ্চিত মানুষ বলতে কাদেরকে বোঝানো হয়েছে? [কু.বো. '২০]

ক) অশিক্ষিতদের খ) অর্থলোভীদের

গ) অদূরদর্শীদের ঘ) আত্মিক বিকাশহীনদের উত্তর: ঘ

৪। 'শিক্ষিত সমাজের লোলুপ দৃষ্টি আজ অর্থের ওপরেই পড়ে রয়েছে।' বাক্যটির সাথে নিচের কোন রচনা সঙ্গতিপূর্ণ? [ব.বো. '২০]

ক) নিয়তি খ) পল্লিসাহিত্য গ) শিক্ষা ও মনুষ্যত্ব ঘ) মমতাদি উত্তর: গ

৫। মানুষ লোভের ফাঁদে ধরা দিতে ভয় পায় কেন? [ম.বো. '২০]

ক) মনুষ্যত্বের কারণে খ) মৃত্যুর জন্যে গ) জীবসত্তার জন্য ঘ) মানুষের ভয়ে উত্তর: গ

৬। মোতাহের হোসেন চৌধুরীর মতে মানুষের আত্মিক মৃত্যু হয় কিসে? [কু.বো. '১৯]

ক) মূল্যবোধের অবক্ষয়ে খ) লোভের কারণে

গ) জীবসত্তার প্রভাবে ঘ) প্রাণিত্বের বন্ধনে উত্তর: খ

৭। মূল্যবোধের অবক্ষয় বোঝাতে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের কোন কথাটি প্রযোজ্য? [দি.বো. '১৯]

ক) আত্মিক মৃত্যু খ) ফতুর গ) লেফাফাদুরস্তি ঘ) পিঞ্জরবদ্ধ উত্তর: ক

৮। 'অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়'- এর সঙ্গে সাদৃশ্যপূর্ণ কথা হচ্ছে- [সকল.বো. '১৮]

ক) অর্থ সাধনাই জীবন সাধনা নয় খ) মনের দাবি রক্ষা না করলে আত্মা বাঁচে না

গ) বিত্ত হতে চিত্ত বড় ঘ) অর্থচিন্তার নিগড়ে সকলে বন্দি উত্তর: গ

# বহুনির্বাচনী

৯। মনুষ্যত্বের আহবান মানুষের মর্মে পৌছাতে দেরি হয় কেন? [ঢা.বো. '১৭]
ক) প্রাণিত্বের বাঁধন থেকে মুক্তি না পাওয়ায় খ) অন্ন বস্ত্রের সুব্যবস্থা প্রয়োজনীয় নয় বলে
গ) অন্তরের ব্যাপারটি বড় হয়ে উঠেনি বলে ঘ) ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে হয় বলে
উত্তর: ক

১০। শিক্ষার অপ্রয়োজনীয় দিককে শ্রেষ্ঠ দিক বলা হয়েছে কেন? [য.বো. '১৭]
ক) শিক্ষা অর্জনের মাধ্যমের জীবসত্তাকে টিকিয়ে রাখা যায়
খ) শিক্ষা লাভের মাধ্যমে মনুষ্যত্বকে জাগ্রত করা যায়
গ) জৈবিক চাহিদা পূরণে মুখ্য ভূমিকা রাখে
ঘ) জীবনকে উপভোগ্য করে তুলতে অনন্য অবদান রাখে উত্তর: ঘ

১১। অনুভূতির জগতে মানুষ ফতুর হয়ে পড়ে কেন? [সি.বো. '১৭]
ক) অর্থ সাধনায় সে নিমগ্ন থাকে বলে
খ) লোভের ফলে তার আত্মিক মৃত্যু ঘটে বলে
গ) জীবনটা আলো আঁধারের মধ্যে আবদ্ধ বলে
ঘ) শিক্ষা তার বাইরের ব্যাপার অন্তরের ব্যাপার হয়ে উঠেনি বলে উত্তর: খ

১২। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে মূল্যবোধ সৃষ্টির উপায় কোনটি? [ব.বো. '১৭]
ক) শিক্ষা খ) জ্ঞান গ) যুক্তি ঘ) চিন্তা উত্তর: খ

১৩। শিক্ষার কোন দিকটি জীবনকে উপভোগ করতে শেখায়? [ঢা.বো. '১৬]
ক) ভুল দিক খ) দরকারি দিক গ) জ্ঞানমূলক দিক ঘ) অপ্রয়োজনীয় দিক উত্তর: ঘ

১৪। 'শিক্ষার আসল কাজ জ্ঞান পরিবেশন নয়, মূল্যবোধ সৃষ্টি'- কে বলেছেন? [রা.বো. '১৬]
ক) প্রমথ চৌধুরী খ) রবীন্দ্রনাথ ঠাকুর
গ) মোতাহের হোসেন চৌধুরী ঘ) হায়াৎ মামুদ উত্তর: গ

১৫। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের লেখকের মতে কারাগার কাদের কাছে স্বর্গতুল্য? [য.বো. '১৬]
ক) মুক্তির স্বাদ বঞ্চিতদের খ) অন্নবস্ত্রের সন্ধানকারীদের
গ) ক্ষুৎপিপাসায় কাতরদের ঘ) লেফাফাদুরস্তদের উত্তর: ক

# বহুনির্বাচনী

১৬। পায়ের কাঁটার দিকে বার বার নজর দিতে হলে হাঁটার আনন্দ উপভোগ করা যায় না- এখানে পায়ের কাঁটার বিশেষত্ব কী? [ব.বো. '১৭]

ক) শিক্ষা লাভের সাধনা
খ) মনুষ্যত্বের সাধনা
গ) প্রভূত সম্পদের সাধনা
ঘ) অন্নবস্ত্রের চিন্তা
উত্তর: ঘ

১৭। হাঁটার আনন্দকে লেখক কিসের সঙ্গে তুলনা করেছেন? [চ.বো. '১৬]

ক) বাকস্বাধীনতার খ) মুক্তির গ) মনুষ্যত্বের ঘ) শিক্ষার উত্তর: খ

১৮। 'অর্থচিন্তার নিগড়ে বন্দি কারা? [সি.বো. '১৬]

ক) ধনী ও দরিদ্র খ) কুলি ও মজুর গ) শিক্ষক ও ছাত্র ঘ) চাষি ও ব্যবসায়ী উত্তর: ক

১৯। মানুষ উড়বার আশায় কিসের মতো পাখা ঝাপটাবে? [দি.বো. '১৬]

ক) খাঁচায় বন্দি পাখির খ) মুমূর্ষু পাখির গ) ঝড়াহত পাখির ঘ) শরবিদ্ধ পাখির উত্তর: ক

২০। শিক্ষার অপ্রয়োজনীয় দিক প্রকৃতপক্ষে কী শিক্ষা দেয়? [সকল.বো. '১০]

ক) ক্ষুৎ পিপাসার চেতনা
খ) কতৃত্ব লাভের স্পৃহা
গ) মনুষ্যত্ববোধের জাগরণ
ঘ) আর্থিক প্রতিষ্ঠার আগ্রহ
উত্তর: গ

২১। 'বিত্ত হতে চিত্ত বড়'- এ বক্তব্যের সঙ্গে সাদৃশ্য রয়েছে কোন উক্তির? [য.বো. '১৫]

ক) ধন সৃষ্টি জ্ঞান সাপেক্ষ
খ) অন্নবস্ত্রের প্রাচুর্যের চেয়েও মুক্তি বড়
গ) অর্থসাধনাই জীবন সাধনা নয়
ঘ) মনের দাবি রক্ষা না করলে মানুষের আত্মা বাঁচে না
উত্তর: খ

২২। 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে 'নিচ থেকে ঠেলা' বলতে কী বোঝানো হয়েছে? [চ.বো. '১৫]

ক) লোভের ফাঁদে পা না দেওয়া
খ) সুশিক্ষার ব্যবস্থা করা
গ) সুশৃঙ্খল সমাজ ব্যবস্থা নিশ্চিত করা
ঘ) মনুষ্যত্ব অর্জনের পথ প্রশস্ত করা
উত্তর: গ

২৩। মোতাহের হোসেন চৌধুরীর মতে আমরা কোনটিকে টিকিয়ে রাখতে অধিক মনোযোগী? [চ.বো. '১৫]

ক) আত্মমর্যাদা খ) জীবসত্তা গ) মানবসত্তা ঘ) লেফাফাদুরস্তি উত্তর: খ

## বহুনির্বাচনী

২৪। শিক্ষার মাধ্যমে কোনটির বিকাশ ঘটে? [রা.বো. '১৫]

ক) বুদ্ধির খ) জ্ঞানের গ) অন্ন চিন্তার ঘ) মনুষ্যত্বের উত্তর: ঘ

২৫ । 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধে নিচ থেকে ঠেলা বলতে বোঝানো হয়েছে- [রা.বো. ১৭]

i. সুশৃঙ্খল সমাজ ব্যবস্থা নিশ্চিত করা
ii. শিক্ষা-দীক্ষার মারফতে মনুষ্যত্বের স্বাদ পাওয়া
iii. মূল্যবোধ সৃষ্টি করা

নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii গ) i ও ii ঘ) i, ii ও iii উত্তর: ক

২৬। বন বিভাগের জনৈক কর্মকর্তা রাতের আঁধারে বনের গাছ কেটে বিক্রি করে প্রচুর অর্থের মালিক হন।- 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বলা যায় উদ্দীপকের কর্মকর্তা- [চ.বো. '২০]

i. অর্থচিন্তার নিগড়ে বন্দি
ii. শিক্ষার সুফল হতে বঞ্চিত
iii. মনুষ্যত্বের স্বাদলাভে ব্যর্থ

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

২৭। 'বই পড়া' ও 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধ দু'টির ঐক্য রয়েছে নিম্নোক্ত বিবেচনায়- [সি.বো. ১৫]

i. জ্ঞানচর্চায়
ii. সাহিত্যচর্চায়
iii. আত্মার মুক্তিতে

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

## বহুনির্বাচনী

২৮। 'চাই, চাই, আরো চাই'- এই চাওয়ার কারণ- [দি.বো. '২৫]

i. অর্থচিন্তা দূর করা

ii. অন্নচিন্তা দূর করা

iii. জীবসত্তাকে বাঁচিয়ে রাখা

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ [ঢা.বো. '১৯]

ব্যবসায়ী সামাদ সাহেবের ছেলে রিক প্রকৃত শিক্ষা অর্জন করতে চায়। কিন্তু তার পিতা চান ছেলে কোনমতে একটি সার্টিফিকেট অর্জন করে অর্থ উপার্জনের জন্য তাঁর ব্যবসা দেখাশুনা করতে।

২৯। উদ্দীপকের রিকের মানসিকতার সাথে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের সাদৃশ্যপূর্ণ দিক হলো-

ক) অন্নচিন্তা থেকে মুক্তি পেতে চায় খ) মানবসত্তার ঘরে উন্নীত হতে চায়

গ) বাইরের জগৎকে জানতে চায় ঘ) জীবন সম্পর্কে সচেতন হয়ে চায় উত্তর: খ

৩০। উদ্দীপকের সামাদ সাহেবকে 'শিক্ষা ও মনুষ্যত্ব' প্রবন্ধের আলোকে বলা যায়-

i. তিনি অর্থ সাধনাকে জীবন সাধনা মনে করেন

ii. তাঁর জীবনে শিক্ষার প্রয়োজনীয় দিক অনুপস্থিত

iii. তিনি ছোট জিনিসের মোহে বড় জিনিস হারাতে দুঃখ করেন না

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

# বহুনির্বাচনী

## প্রবাস বন্ধু

১। চা খাওয়া শেষ করে আবদুর রহমান কত মিনিটের জন্য বেড়িয়ে গেল? [রা.বো. '২০]

ক) পাঁচ খ) আট গ) দশ ঘ) বারো উত্তর: গ

২। কোনটি আফগানিদের একটি সংস্কার? [কু.বো. '২০]

ক) আপ্যায়ন খ) বিনয় গ) গুরুভক্তি ঘ) অতিথি সেবা উত্তর: গ

৩। আবদুর রহমানের বিবেচনায় পৃথিবীর শ্রেষ্ঠ স্থান কোনটি? [চ.বো. '২০]

ক) খাজামোল্লা খ) পানশির গ) কাবুল ঘ) পাগমান উত্তর: খ

৪। 'চিনির রসে ভেজানো ঘিয়ে ভাজা' দ্রব্যটির নাম কি? [ব.বো. '২০]

ক) পান্তুয়া খ) ফালুদা গ) আখরোট ঘ) মুর্গি রোস্ট উত্তর: ক

৫। কাবুল থেকে কত দূরে খাজামোল্লা গ্রামটির অবস্থান? [দি.বো. '২০]

ক) দেড় মাইল খ) দুই মাইল গ) আড়াই মাইল ঘ) তিন মাইল উত্তর: গ

৬। শীতকালটা আমি পানশিরেই কাটাবো- কেন? [ম.বো. '২০]

ক) পাহাড় দেখার জন্য খ) ভ্রমণের জন্য গ) প্রাণ বাঁচানোর জন্য ঘ) ঝরনা দেখার জন্য উত্তর: গ

৭। আফগানিস্তানের রিলিফ ম্যাপের চেহারার সঙ্গে সাদৃশ্য ছিলো কার? [ঢা.বো. '১৯]

ক) অধ্যক্ষ জিরারের খ) লেখকের গ) টাঙাওয়ালার ঘ) আবদুর রহমানের উত্তর: ঘ

৮। "আব্দুর রহমান তাড়াতাড়ি এসে অভয় বাণী দিল।"- এ বাক্যে আব্দুর রহমান কিসের অভয় বাণী দিল? [চ.বো. '১৯]

ক) বরফের খ) খাবারের গ) শীতের ঘ) নিরাপত্তার উত্তর: খ

৯। আব্দুর রহমানের অতিথিপরায়নতায় লেখকের ধৈর্যচ্যুতি ঘটেছে কিন্তু তাঁকে মুগ্ধ করেছে যে গুণ তা হলো- [সি.বো. '১৯]

ক) সরলতা খ) কর্মদক্ষতা গ) দেশপ্রেম ঘ) অভিজ্ঞতা উত্তর: গ

১০। 'প্রবাস বন্ধু' রচনায় পাগমান পাহাড়ের রং কী? [ব.বো. '১৯]

ক) সাদা খ) নীল গ) কালো ঘ) ধূসর উত্তর: খ

# বহুনির্বাচনী

‘’আমার বাড়ি যাইও ভোমর
বসতে দিবো পিঁড়ে
জলপান যে করতে দেব
শালি ধানের চিঁড়ে।’’-

১১। ‘প্রবাস বন্ধু’ গল্পের আবদুর রহমান চরিত্রের যে দিকটি উদ্দীপকে ফুটে উঠেছে- [কু.বো. ‘১৯]

i. সৌজন্যবোধ

ii. কর্মনিষ্ঠা

iii. স্বদেশপ্রীতি

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ১২ এবং ১৩ নং প্রশ্নের উত্তর দাওঃ [ঢা.বো. ‘২০]

বিশ্ববিদ্যালয়ে পড়ার জন্য ঢাকায় মামার বাসায় থাকে মাতৃহীন অনিক। নিঃসন্তান মামির অকারণে ঘর গোছানো, লেখাপড়ার খোঁজ-খবর নেওয়া মাঝে মাঝে তাঁর কাছে অত্যাচারের মতো মনে হয়। বিশেষ করে খাওয়া-দাওয়ার ব্যাপারে সে কিছুতেই মামিকে খুশি করতে পারে না।

১২। উদ্দীপকের অনিকের অবস্থা ‘প্রবাস বন্ধু’ রচনার কোন উক্তিতে স্পষ্ট ফুটে উঠেছে?

ক) আমার ভৃত্য আগা আবদুর রহমান এককালে মেসের চার্জে ছিলেন

খ) তোমার বপুটার সাথে আমার তনুটা মিলিয়ে দেখো দিকিনি

গ) তাড়াতাড়ি এগিয়ে অভয় দিল- রান্নাঘরে আরো আছে

ঘ) মাথা নিচু করে বলল, ‘আমার রান্না হুজুরের পছন্দ হয়নি?’ উত্তর: খ

১৩। উদ্দীপকের মামি এবং ‘প্রবাস বন্ধু’ রচনার আবদুর রহমানের মধ্যে সাদৃশ্য হলো-

i. গভীর মমত্ববোধ

ii. কর্তব্যে সচেতনতা

iii. আতিথেয়তার আতিশয্য

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও ii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: গ

## বহুনির্বাচনী

### মমতাদি

১। "ঘরে আরেকটি জিনিস ছিল"- 'মমতাদি' গল্পের এ বাক্যে জিনিসটি হলো- [রা.বো. '২০]

ক) টাইমপিস খ) ভাঙ্গা টেবিল গ) মেরামত করা আর্সি ঘ) বছর পাঁচেকের ছেলে

উত্তর: ঘ

২। মমতাদির ঘরে বিশৃঙ্খলতার অন্ত নেই কেন? [য.বো. '২০]

ক) আলো-বাতাসের দীনতা খ) সযত্নে গুছিয়ে না রাখা

গ) শ্রীহীনতা ঘ) সংকীর্ণতা উত্তর: গ

৩। মমতাদির কত টাকার মাইনে ঠিক হলো? [সি.বো. '২০]

ক) বার খ) চৌদ্দ গ) পনেরো ঘ) ষোল উত্তর: গ

৪। 'মমতাদি' গল্পে গৃহকর্মে নিয়োজিত মানুষের প্রতি আচরণের কোন দিকটা প্রকাশ পেয়েছে? [ব. বো. '২০]

ক) সামাজিক খ) মানবিক গ) নিষ্ঠুর ঘ) অর্থনৈতিক উত্তর: খ

৫। ঘরে ঢুকেই মমতাদি ছেলেকে নিয়ে ব্যস্ত হয়ে পড়েছিলো কী কারণে? [দি.বো. '২০]

ক) ছেলেটি অসুস্থ ছিলো বলে খ) ছেলেটি সারারাত ঘুমায়নি

গ) ছেলেটি ঘরে একা ছিলো ঘ) ছেলেটিকে কমলালেবু খাওয়াবে বলে উত্তর: ক

৬। ধরা ছোঁয়ার অতীত শব্দহীন অনুভূতিহীন কে? [ম.বো. '১৯]

ক) সুভা খ) প্রতাপ গ) বুধা ঘ) মমতাদি উত্তর: ঘ

৭। "আমায় বামুনদি বলো না খোকা। শুধু দিদি বোলো।"- এ উক্তিতে মমতাদি চরিত্রের কোন বৈশিষ্ট্য ফুটে উঠেছে? [রা.বো. '১৯]

ক) স্নেহশীলতা খ) সংকোচ ভাব গ) সরলতা ঘ) আত্মমর্যাদা বোধ উত্তর: ঘ

৮। স্কুল পড়ুয়া ছেলেটির কোন আচরণে মমতাদি কৃতার্থ হয়েছিলো? [সকল.বো. '১৮]

ক) গালে হাত বুলিয়ে দেয়ায় খ) লেবু চেয়ে খাওয়ায়

গ) বাড়ি যেতে চাওয়ায় ঘ) দিদি সম্বোধন করায় উত্তর: খ

৯। মমতাদি গল্পে লেখক দুশ্চিন্তাগ্রস্ত হয়েছিলেন কেন? [কু.বো. '১৯]

ক) মমতাদি কথা না বলায় খ) মমতাদি কাজ ছেড়ে দেবে বলে

গ) মমতাদির বরের চাকরির জন্য ঘ) মমতাদির গালে আঙ্গুলের দাগ দেখে উত্তর: গ

## বহুনির্বাচনী

১০। মমতাদি গল্পে মাষ্টারে চড় খেয়ে কার গালে আঙ্গুলের দাগ হয়েছিলো? [চ.বো. '১৯]

ক) অবনীর খ) জীবনময়ের গ) মমতাদির ঘ) বামুনদির উত্তর: ক

১১। 'উনি তো রাগ করে'- মমতাদি গল্পে উনি কে? [ব.বো. '১৯]

ক) ছোটকর্তা খ) গৃহকর্ত্রী গ) মমতাদির ছেলে ঘ) মমতাদির স্বামী উত্তর: ঘ

১২। আত্মসম্মান বোধ ফুটে উঠেছে মমতাদির কোন কথায়? [দি.বো. '১৯]

ক) আমায় ছাড়বেন না খ) এত কথা কইতে পারে আপনার ছেলে

গ) সত্যি বলছি, না। কে মারবে ঘ) তুমি তা দেবে কেন? উত্তর: গ

১৩। 'সবাই যদি তোমার মত ভালোবাসত' বাক্যটিতে প্রকাশ পেয়েছে মমতাদির- [সকল.বো. '১৮]

ক) আকাঙ্ক্ষা খ) হতাশা গ) আক্ষেপ ঘ) প্রত্যাশা উত্তর: গ

১৪। মানিক বন্দ্যোপাধ্যায় কখন জন্মগ্রহণ করেন? [ঢা.বো. '১৭]

ক) ১৮৯৯ খ) ১৯০৩ গ) ১৯০৪ ঘ) ১৯০৮ উত্তর: ঘ

১৫। আশাতীত বেতন দেওয়ায় মমতাদি কীভাবে কৃতজ্ঞতা প্রকাশ করলেন? [রা.বো. '১৭]

ক) ধন্যবাদ জানিয়ে খ) বেশি কাজ করে গ) কমলালেবু খাইয়ে ঘ) কথা না বলে উত্তর: ঘ

১৬। লেখকের মুখে বামুনদি ডাকটি শুনে মমতাদি হাসি বন্ধ করল কেন? [য.বো. '১৭]

ক) সংকোচের কারণে খ) লজ্জাশীলতার কারণে

গ) দারিদ্রতার কারণে ঘ) আত্মসম্মানবোধের কারণে উত্তর: ঘ

১৭। মমতাদির কোন দিকটি দেখে বাড়ির সকলে খুশি হলেন? [কু.বো. '১৭]

ক) কাজের শৃঙ্খলা খ) মার্জিত আচরণ গ) খোকার যত্ন নেওয়া ঘ) স্বল্পভাষী হওয়া উ ত্তর: ক

১৮। 'মমতাদি স্বামীর চাকরি সংক্রান্ত মিথ্যা কথা বলেছিলেন কেন? [সি.বো. '১৬]

ক) সম্মান রক্ষায় খ) স্বভাব দোষে গ) কাজ হারানোর ভয়ে ঘ) গুরু নিন্দা বাঁচাতে উত্তর: ক

১৯। 'তুমি মিথ্যা বলছ দিদি।'- মমতাদি গল্পে এ উক্তিটি কার? [দি.বো. '১৬]

ক) লেখকের খ) ছেলেটির গ) মা'র ঘ) মমতাদির উত্তর: খ

২০। মমতাদি গল্পে স্কুলপড়ুয়া ছেলেটির কাছে জীবনময়ের গলিটা কেমন ছিলো? [ঢা.বো. '১৬]

ক) স্বর্গপুরী খ) প্রেতপুরী গ) যমালয় ঘ) পিত্রালয়তুল্য উত্তর: গ

# বহুনির্বাচনী

২১। আগাগোড়া দড়ির ব্যান্ডেজের জোরে কোনমতে দাঁড়িয়ে আছে কী? [চ.বো. '১৬]
ক) বাস্কেট খ) টুল গ) টেবিল ঘ) চৌকি উত্তর: গ

২২। কোন গ্রন্থ থেকে মমতাদি গল্পটি সংকলন করা হয়েছে? [রা.বো. '১৫]
ক) জননী খ) সরীসৃপ গ) চিহ্ন ঘ) সহরতলী উত্তর: খ

২৩। মমতাদির নিঃসংকোচ আবেদন বলতে কী বোঝানো হয়েছে? [দি.বো. '১৫]
ক) দ্বন্দ্বমুক্ত আবেদন খ) দ্বিধামুক্ত আবেদন গ) সংকোচহীন আবেদন ঘ) সরল আবেদন উত্তর: খ

২৪। মমতাদির কোন কথায় ভর্ৎসনা নয়, আবেদন প্রকাশ পেয়েছে? [ব.বো. '১৫]
ক) হরির লুট দেব? খ) তুমি তা কেন দেবে?
গ) তোমায় সন্দেশ খাওয়াব ঘ) আর খেয়ো না। কেমন? উত্তর: ঘ

২৫। 'আমায় ছাড়বেন না। আমার কাজ কি ভালো হচ্ছে না? উক্তিটিতে প্রকাশ পেয়েছে মমতাদির- [সি.বো. ১৯]
i. সংশয়
ii. আনুগত্য
iii. দ্বায়িত্ববোধ
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: খ

২৬। মমতাদি গল্পে মমতাদি চরিত্রে প্রকাশ পেয়েছে- [দি.বো. '১৭]
i. মর্যাদাবোধ
ii. দ্বায়িত্বশীলতা
iii. স্নেহবাৎসল্য
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

২৭। 'তোমার কষ্ট দূর হয়েছে তাতে আমরাও সুখী'- মায়ের এ উক্তিতে ফুটে উঠেছে- [কু.বো. ১৬]
i. মমতাদিকে সম্মানিত করা
ii. মমতাদিকে নিজের লোক মনে করা
iii. মমতাদির কাজের প্রতি সন্তুষ্ট থাকা
নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

# বহুনির্বাচনী

## একাত্তরের দিনগুলি

১। "তাই করা হোক"- 'একাত্তরের দিনগুলি' প্রবন্ধে জাহানারা ইমামের এ উক্তিতে কোন অনুভূতি ব্যক্ত হয়েছে? [ঢা.বো. '২০]

ক) স্বদেশপ্রীতি খ) মুক্তির আকাঙ্ক্ষা গ) বাৎসল্য প্রেম ঘ) মায়ের উৎকণ্ঠা উত্তর: গ

২। স্বাধীন বাংলা বেতারে কে খবর পড়েন? [চ.বো. '২০]

ক) হাসান ইমাম খ) ফয়েজ আহমদ গ) অজিত রায় ঘ) রাজু আহমেদ উত্তর: ক

৩। 'একাত্তরের দিনগুলি' রচনায় লেখিকার মনে 'পাষাণ ভার'- কারণ- [দি.বো. '২০]

ক) চারদিন ধরে মুষলধারে বৃষ্টি খ) অন্ধ শ্বশুরের অসুস্থতা বেড়েছে

গ) সারাদেশে অশান্তি বিরাজ করছে ঘ) জামী স্কুলে যেতে পারে না বলে উত্তর: গ

৪। 'চোখের জলে ভাসতে ভাসতে আমিও শরীফের মতকে সমর্থন করেছি'- এখানে কোন মতের কথা বলা হয়েছে? [ঢা.বো. '১৯]

ক) রুমীকে দেখতে না যাওয়া খ) মার্সি পিটিশন না করা

গ) শান্তিনগরে যাওয়া ঘ) জামির স্কুলে যাওয়া উত্তর: খ

৫। রুমীর বাবা-মা মার্সি পিটিশন করেননি কেন? [রা.বো. '১৯]

ক) আত্মসম্মানের কারণে খ) অহংকারের বশে

গ) নির্যাতনের ভয়ে ঘ) মঞ্জুর হবে না বলে উত্তর: ক

৬। 'একাত্তরের দিনগুলি' রচনায় লেখিকার 'মনে পাষাণ ভার' এর কারণ কী? [কু.বো. '১৯]

ক) দেশের যুদ্ধাবস্থা থাকায় খ) ঢাকা অবরুদ্ধ হওয়ায়

গ) বাগানে যেতে না পারায় ঘ) জামীর স্কুল বন্ধ হওয়ায় উত্তর: খ

৭। জামীর স্কুল খুলেছে কত তারিখে? [সকল.বো. '১৮]

ক) ১২ মে ১৯৭১ খ) ১১ মে ১৯৭১ গ) ১০ মে ১৯৭১ ঘ) ০৯ মে ১৯৭১ উত্তর: ঘ

৮। জামী ১৯৭১ সালে কোন শ্রেণির ছাত্র ছিলো? [রা.বো. '১৭]

ক) একাদশ খ) দশম গ) নবম ঘ) অষ্টম উত্তর: খ

৯। স্বাধীন বাংলা বেতার কেন্দ্রে 'সালেহ আহমেদ' ছদ্মনামে কে খবর পড়তেন? [কু.বো. '১৭]

ক) আলী যাকের খ) হাসান ইমাম গ) আলমগীর কবির ঘ) কামরুল হাসান উত্তর: খ

১০। ১৬ ডিসেম্বর ১৯৭১ সাল কী বার ছিলো? [ঢা.বো. '১৫; রা.বো. ১৬; চ.বো. '১৭; সি.বো '২০]

ক) সোমবার খ) মঙ্গলবার গ) বুধবার ঘ) বৃহস্পতিবার উত্তর: ঘ

# বহুনির্বাচনী

১১। 'একাত্তরের দিনগুলি' রচনায় লেখিকার কোন অভিব্যক্তি প্রকাশ পেয়েছে? [ঢা.বো. '১৬]

ক) স্বদেশের প্রতি কৃতজ্ঞতা খ) স্বভাষার প্রতি সম্মান

গ) হৃদয়-যন্ত্রণা ঘ) অপত্যস্নেহ উত্তর: গ

১২। 'তাই করা হোক'- 'একাত্তরের দিনগুলি' রচনায় জাহানার ইমামের এ কথা বলার কারণ কী? [য.বো. '১৬]

ক) স্বামীভক্তি খ) সন্তান বাৎসল্য গ) অনুরুদ্ধ ঘ) বিশ্বাসবোধ উত্তর: খ

১৩। একাত্তরের দিনগুলি কী ধরণের রচনা? [চ.বো. '১৬]

ক) দেশপ্রেমমূলক খ) উপদেশমূলক গ) স্মৃতিচারণমূলক ঘ) আবেগধর্মী উত্তর: গ

১৪। ১৭ই মে সোমবার ১৯৭১ সালের আজকের কাগজে কত জন বুদ্ধিজীবী ও শিল্পীর নামে বিবৃতি বেরিয়েছিল? [সি.বো. '১৬]

ক) ৫৫ খ) ৫৬ গ) ৫৭ ঘ) ৫৮ উত্তর: ক

১৫। 'একাত্তরে দিনগুলি' কী জাতীয় রচনা? [ব.বো. '১৬]

ক) ভাষাপ্রীতিমূলক খ) দেশপ্রেমমূলক গ) সৌন্দর্য চেতনামূলক ঘ) স্মৃতিচারণমূলক উত্তর: ঘ

১৬। মুক্তিযুদ্ধের সময় মে মাসের কত তারিখে প্রাইমারি স্কুল খোলার হুকুম হয়েছিলো? [য.বো. '১৫]

ক) নয় খ) পাঁচ গ) তিন ঘ) এক উত্তর: ক

১৭। বাগান করা কার নেশা ছিল? [রা.বো. '১৫]

ক) জামীর খ) রুমীর গ) জাহানার ইমামের ঘ) এক উত্তর: ক

১৮। রুমী ও তাঁর সহযোদ্ধাদের বিভিন্ন অপারেশনে সহযোগিতা করেন কে? [কু বো '১৫]

ক) জাহানারা ইমাম খ) সেলিনা হোসেন গ) সুফিয়া কামাল ঘ) সানজীদা খাতুন উত্তর: ক

১৯। 'সালেহ আহমদ' কার ছদ্মনাম? [চ.বো. '১৫]

ক) হরলাল রায় খ) আহমেদ চৌধুরী গ) হাসান ইমাম ঘ) আলী যাকের উত্তর: গ

২০। 'ক্যান্সারের সঙ্গে বসবাস' গ্রন্থটি কার লেখা? [ব.বো. '১৫]

ক) রোকেয়া সাখাওয়াত হোসেন খ) সুফিয়া কামাল

গ) সেলিনা হোসেন ঘ) জাহানারা ইমাম উত্তর: ঘ

২১। একাত্তরের দিনগুলি জাহানারা ইমামের কোন গ্রন্থ থেকে সংকলিত? [দি.বো. '১৫]

ক) প্রবাসের দিনগুলি খ) একাত্তরের ঘাতক গ) গজকচ্ছপ ঘ) একাত্তরের দিনগুলি উত্তর: ঘ

## বহুনির্বাচনী

২৩। স্বাধীন বাংলা বেতার কেন্দ্র থেকে প্রচারিত কথিকা- [রা.বো. '২০]

i. যুদ্ধের খবর জানাত

ii. মুক্তিযোদ্ধাদের অনুপ্রাণিত করত

iii. হানাদারদের অপকীর্তি প্রচার করত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

২৪। 'আমার জীবনেও এতদিনে সত্যি দুর্যোগের মেঘ ঘন হয়ে আসছে।'- কথাটি দ্বারা বোঝানো হয়েছে- [সি.বো. ১৫]

i. যুদ্ধের ভয়াবহতা ক্রমেই বৃদ্ধি পাচ্ছে

ii. পুত্রশোকে লেখিকা দিন দিন কাতর হয়ে যাচ্ছেন

iii. লেখিকা নিজেকে অনিরাপদ মনে করেছেন

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৬ এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ [ব.বো. '১৯]

তামিম সাহেব বিশ্ববিদ্যালয়ের একজন অধ্যাপক। কবিতা চর্চাই তাঁর নেশা। রাজনীতি না করলেও শেষ পর্যন্ত তিনিও মুক্তিযুদ্ধে যোগ দিয়েছিলেন।

২৬। উদ্দীপকের তামিম 'একাত্তরের দিনগুলি' রচনায় যাদের প্রতিনিধিত্ব করে-

ক) শিল্পী-বুদ্ধিজীবী খ) কৃষক-শ্রমিক গ) ছাত্র জনতা ঘ) জেলে-মাঝি উত্তর: ক

২৭। প্রতিনিধিত্বকারী চরিত্রে ফুটে উঠে-

i. জাতীয়তাবোধ

ii. স্বাধিকার চেতনা

iii. দেশাত্ববোধ

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

# বহুনির্বাচনী

## সাহিত্যের রূপ ও রীতি

১। মন্ময় প্রবন্ধে লেখকের কোনটি প্রধান হয়ে ওঠে? [রা.বো. '২০]

ক) পাণ্ডিত্য খ) ব্যক্তি হৃদয় গ) বুদ্ধি ঘ) জ্ঞানের পরিচয় উত্তর: খ

২। উপন্যাসের প্রধান উপজীব্য কোনটি [কু.বো. '২০]

ক) কাহিনী খ) চরিত্র গ) দৃশ্য ঘ) ভাষা উত্তর: ক

৩। সাহিত্যের কোন রূপের মূল লক্ষ্য গল্প বলা? [চ.বো. '২০]

ক) উপন্যাস খ) ছোটগল্প গ) মহাকাব্য ঘ) গীতিকাব্য উত্তর: গ

৪। 'সাহিত্য সন্দর্শন' বইটির লেখক কে? [দি.বো. '২০]

ক) রবীন্দ্রনাথ ঠাকুর খ) শ্রীশচন্দ্র দাশ গ) বুদ্ধদেব বসু ঘ) শহীদুল্লাহ কায়সার উত্তর: খ

৫। আধুনিক বাংলা উপন্যাসের স্রষ্টা কে? [ব.বো. '২০]

ক) বঙ্কিমচন্দ্র চট্টোপাধ্যায় খ) প্যারীচাঁদ মিত্র

গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় উত্তর: ক

৬। 'মঙ্গলকাব্য' কোন যুগের সাহিত্যের নির্দশন? [ঢা.বো. '১৯]

ক) প্রাচীন খ) অন্ধকার গ) মধ্য ঘ) আধুনিক উত্তর: গ

৭। সাহিত্যের প্রধান লক্ষণ কোনটি? [রা.বো. '১৯]

ক) সৃজনশীলতা খ) সৌন্দর্য সৃষ্টি গ) আনন্দ দান ঘ) নান্দনিকতা উত্তর: ক

৮। পাঠকের মনে 'অতৃপ্তি' কোন সাহিত্যের প্রধান বৈশিষ্ট্য? [য.বো. '১৯]

ক) ছোটগল্প খ) নাটক গ) মহাকাব্য ঘ) উপন্যাস উত্তর: ক

৯। সাহিত্যের কোন রূপটি লেখকের নিজস্ব মত, পথ, যুক্তি, বুদ্ধিকে কেন্দ্র করে লিখিত হয়? [কু.বো. '১৯]

ক) উপন্যাস খ) কবিতা গ) প্রবন্ধ ঘ) ছোটগল্প উত্তর: গ

১০। বিশ্ব সাহিত্যে কোনটি সর্বাপেক্ষা প্রাচীন? [সি.বো. '১৯]

ক) উপন্যাস খ) কবিতা গ) নাটক ঘ) ছোটগল্প উত্তর: গ

# বহুনির্বাচনী

১১। কোন জাতীয় রচনায় লেখকের পাণ্ডিত্যের পরিচয় মুখ্য হয়ে দেখা দেয়? [দি.বো. '১৯]

ক) নাটক খ) ছোটগল্প গ) প্রবন্ধ ঘ) উপন্যাস উত্তর: গ

১২। প্রাচীন ভারতবর্ষে রচিত মহাকাব্য কোনটি? [সকল.বো. '১৮]

ক) রামায়ণ খ) বৃত্রসংহার গ) মেঘনাদবধ কাব্য ঘ) মহাশ্মশান উত্তর: ক

১৩। মহাকাব্যের মূল লক্ষ্য কী? [ঢা.বো. '১৭]

ক) যুদ্ধ বিগ্রহের কাহিনি খ) আয়তনে দীর্ঘ করা

গ) গদ্যে লেখা ঘ) গল্প বলা উত্তর: ঘ

১৪। বাংলা নাট্যসাহিত্যের যুগস্রষ্টা কে? [ব.বো. '২০,'১৭]

ক) দীনবন্ধু মিত্র খ) মাইকেল মধুসূদন দত্ত

গ) গিরিশচন্দ্র ঘোষ ঘ) দ্বিজেন্দ্রলাল রায় উত্তর: ক

১৫। প্রবন্ধের প্রধান বাহক কী? [সি.বো. '১৬]

ক) চরিত্র খ) কাহিনী গ) সংলাপ ঘ) বিষয়বস্তু উত্তর: ঘ

১৬। 'শেষ হয়ে হইল না শেষ'- কথাটি কার ক্ষেত্রে গুরুত্বপূর্ণ? [ঢা.বো. '১৬]

ক) উপন্যাস খ) নাটক গ) ছোটগল্প ঘ) কবিতা উত্তর: গ

১৭। 'সীমার মাঝে অসীম'- কথাটি সাহিত্যের কোন রূপের সাথে বেশি সংগতিপূর্ণ? [রা.বো. '১৬]

ক) নাটক খ) মহাকাব্য গ) উপন্যাস ঘ) ছোটগল্প উত্তর: ঘ

১৮। সাহিত্যের কোন শাখাটি সরাসরি পাঠকগোষ্ঠীকে প্রভাবিত করতে চায়? [য.বো. '১৬]

ক) ছোটগল্প খ) নাটক গ) প্রবন্ধ ঘ) উপন্যাস উত্তর: খ

১৯। সাহিত্যের শাখাগুলোর মধ্যে সর্বকনিষ্ঠ কোনটি? [চ.বো. '১৬; য.বো. ১৫]

ক) ছোটগল্প খ) নাটক গ) ছোট উপন্যাস ঘ) প্রবন্ধ উত্তর: ক

২০। সাহিত্যের যত শাখা আছে, সে সবের মধ্যে বয়সে সর্বকনিষ্ঠ কোনটি? [য.বো. '১৫]

ক) কাব্য খ) উপন্যাস গ) ছোট গল্প ঘ) নাটক উত্তর: গ

২১। বাংলা ভাষার সার্থক ছোটগল্পকারের অনন্য দৃষ্টান্ত রেখেছেন কে? [কু.বো. '১৫]

ক) শরৎচন্দ্র চট্টোপাধ্যায় খ) বিভূতিভূষণ বন্দ্যোপাধ্যায়

গ) রবীন্দ্রনাথ ঠাকুর ঘ) মানিক বন্দ্যোপাধ্যায় উত্তর: গ

## বহুনির্বাচনী

২২। গীতিকবিতার আদি নিদর্শন- [চ.বো. '১৫]
ক) মেঘনাদবধ কাব্য খ) মহাভারত গ) মহাশ্মাশন ঘ) বৈষ্ণব কবিতাবলি উত্তর: ঘ

২৩। 'নাটকের লক্ষ্য সর্বকালে দর্শকসমাজ।' বাক্যটি দ্বারা বোঝায়- [সি.বো. '১৫]
ক) প্রাচীনকাল থেকে নাটক রচিত খ) নাটক শ্রেণিতে পঠিত
গ) নাটক দর্শককে প্রভাবিত করে ঘ) দর্শক সরাসরি নাটক দেখে উত্তর: গ

২৪। তন্ময় প্রবন্ধ বিষয়বস্তুপ্রধান হলে মন্ময় প্রবন্ধের প্রাধান্য- [দি.বো. '১৫]
ক) ব্যক্তি হৃদয় খ) ব্যক্তির পাণ্ডিত্য গ) বিজ্ঞানমনস্কতা ঘ) ব্যক্তির বুদ্ধিবৃত্তি উত্তর: ক

২৫। উপন্যাসের প্রধান উপজীব্য হলো প্লট। ঐ প্লট বা আখ্যানভাগ তৈরী হয়ে উঠে গল্প ও তার ভেতরে উপস্থিত বিভিন্ন চরিত্রের সমন্বয়ে। ফলে উপন্যাস মানুষের কাছে জনপ্রিয় হয়ে উঠে। কারণ উপন্যাস- [ম.বো. '২০]

i. সহজ-সরল প্রাঞ্জল
ii. পাঠক নিজেকে খুঁজে পায়
iii. সমাজের বাস্তব চিত্র ফুটে ওঠে

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ঘ

২৬। মঙ্গলকাব্যকে উপন্যাস বলা যায় না, কারণ- [ঢা.বো. '১৫]
i. ছন্দে রচিত তাই
ii. গদ্যভাষায় লিখিত নয় বলে
iii. মধ্যযুগে রচিত হওয়ায়

নিচের কোনটি সঠিক?
ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তর: ক

২৭। সাহিত্যের করুণ রস মানুষের মনে কী তাৎপর্য নিয়ে আসে? [দি.বো. '১৬]
ক) আনন্দ খ) ভয় গ) করুণা ঘ) বেদনা ও আনন্দ উত্তর: ঘ

# বহুনির্বাচনী

## পদ্য
## বঙ্গবাণী

(১) 'বঙ্গবাণী' কবিতায় কবি কাদেরকে দেশ ত্যাগের কথা বলেছেন? [ঢা বো '২০]

(ক) বাংলা ভাষাকে যারা হিংসা করে (খ) মারফত জ্ঞান যার নেই

(গ) যাদের বই পড়ার অভ্যাস নেই (ঘ) ভিনদেশি ভাষাপ্রেমী যারা উত্তর: ঘ

(২) 'বঙ্গবাণী' কবিতায় কবি কাদের জন্ম পরিচয় সম্পর্কে সন্দেহ প্রকাশ করেছেন? [রা বো '২০]

(ক) মারফত জ্ঞানহীন (খ) মাতৃভাষা বিদ্বেষী

(গ) বাংলা ভাষা হিংসাকারী (ঘ) বিদেশী ভাষাপ্রেমী উত্তর: গ

(৩) 'বঙ্গবাণী' কবিতায় কবি 'হিন্দুর অক্ষর' বলতে কোন ভাষার অক্ষরকে বুঝিয়েছেন? [সি বো. '২০]

(ক) বাংলা (খ) আরবি (গ) ফারসি (ঘ) হিন্দি উত্তর: ক

(৪) 'নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়'- চরণটিতে কী প্রকাশ পেয়েছে? [চা বো. '২০]

(ক) অবজ্ঞা (খ) তীব্র ঘৃণা (গ) শত্রুতা (ঘ) মাতৃভাষাপ্রীতি উত্তর: খ

(৫) দেশি ভাষায় যার মন জুড়ায় না তাকে কবি কি করতে বলেছেন? [চ বো. '১৯]

(ক) মাতৃভাষাকে ভালোবাসতে (খ) মাতৃভাষার চর্চা করতে

(গ) কিতাব পড়তে (ঘ) দেশ ত্যাগ করতে উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ এবং ২৮ নং প্রশ্নের উত্তর দাওঃ [সি বো '১৯]

মি তারেক লন্ডন থেকে পড়াশুনা করে এসে সবসময় ইংরেজিতে কথা বলেন। সবাই তাঁকে বাংলায় কথা বলতে বললে তিনি বলেন, বাংলায় কথা বলতে আমার ভালো লাগে না।

(২৭) উদ্দীপকের তারেকের মধ্যে 'বঙ্গবাণী' কবিতার বিষয়বস্তুর কোন দিকটি অনুপস্থিত?

(ক) মাতৃভূমির প্রতি মমতা (খ) মাতৃভাষার প্রতি মমতা

(গ) মাতৃভাষার প্রতি ঘৃণা (ঘ) ইংরেজি ভাষার প্রতি ঘৃণ উত্তর: খ

# বহুনির্বাচনী

(২৮) উদ্দীপকের তারেকের মধ্যে আবদুল হাকিমের কোন উক্তিটি প্রযোজ্য?

(ক) যেই দেশে যেই বাক্য কহে নরগণ।
সেই বাক্য বুঝে প্রভু আপে নরঞ্জন।

(খ) মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি।
দেশী ভাষা উপদেশ মনে হিত অতি।

(গ) আরবি-ফারসি শাস্ত্রে নাই কোন রাগ।
দেশী ভাষা বুঝিতে ললাটে পুরে ভাগ।

(ঘ) দেশী ভাষা বিদ্যা যার মন ন জুয়ায়
নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়। উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ এবং ৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ [দি বো '১৯]

করিম সন্তানকে ইংরেজি মাধ্যমে পড়াবে। তাই সে মাম্মি, ড্যাডি, আংকেল শব্দগুলো সন্তানকে শেখায়। মা, বাবা, চাচা- এই শব্দগুলো শোনা, বলা ও চর্চা করা থেকে সে সন্তানকে দূরে রাখে। কিন্তু মা বলেন, বিদেশি শব্দে কোন প্রাণ নেই। বরণ আমাদের দেশি শব্দেই আবেগের প্রকাশ ঘটে বেশি।

(২৯) উদ্দীপকের মায়ের মনোভাবে 'বঙ্গবাণী' কবিতার কোন বৈশিষ্ট্যের প্রতিফলন ঘটেছে?

(ক) উদারতা (খ) মাতৃভাষাপ্রীতি
(গ) মারফত জ্ঞানসম্পন্ন (ঘ) সর্বভাষায় শ্রদ্ধাশীল উত্তর: খ

(৩০) করিমের ক্ষেত্রে 'বঙ্গবাণী' কবিতার যে চরণ প্রযোজ্য তা হলো-

i. সে সব কাহার জন্ম নির্ণয় ন জানি
ii. নিজ দেশ তেয়াগী কেন বিদেশ ন যায়
iii. দেশী ভাষা উপদেশ মনে হিত অতি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ক

# বহুনির্বাচনী

## কপোতাক্ষ নদ

(১) 'কপোতাক্ষ নদ' কবিতার কোন চরণের মধ্যে সংশয়বোধ প্রকাশ পেয়েছে? [য বো '২০]

(ক) সতত, হে নদ, তুমি পড় মোর মনে (খ) বহু দেশে দেখিয়াছি বহু নদ-দলে

(গ) আর কি হে হবে দেখা?- যত দিন যাবে? (ঘ) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে উত্তর: গ

(২) "আর কি হে হবে দেখা? যতদিন যাবে"- এ চরণে ফুটে উঠেছে কবির- [ঢা বো '২০]

(ক) বিষণ্নতা (খ) আক্ষেপ (গ) উদ্বিগ্নতা (ঘ) অস্থিরতা উত্তর: খ

(৩) 'কপোতাক্ষ নদ' কবিতার প্রেক্ষাপটে জন্মভূমির নদ কবিকে কোন স্নেহডোরে বেঁধেছে? [চ বো. '২০]

(ক) হৃদয় কাতরতার (খ) বঙ্গজ জনের (গ) জন্মভূমির (ঘ) মায়ের উত্তর: ঘ

(৪) 'কপোতাক্ষ নদ' কবিতায় 'রাজা' কাকে বলা হয়েছে? [সি বো. '২০]

(ক) কপোতাক্ষ নদকে (খ) সাগরকে (গ) নদীকে (ঘ) কবির গ্রামকে উত্তর: খ

(৫) 'পুরোনো সেই দিনের কথা ভুলবি কি রে হায় ও সেই চোখের দেখা প্রাণের কথা সে কি ভোলা যায়?' উদ্দীপকে চিত্রায়িত ভাবনা কোন কবির ভাবনাকে পরিস্ফুটিত করে? [চ বো. '১৯]

(ক) মাইকেল মধুসূধন দত্ত (খ) রবীন্দ্রনাথ ঠাকুর

(গ) লালন শাহ (ঘ) কাজী নজরুল ইসলাম উত্তর: ক

আবার আসিব ফিরে ধানসিঁড়িটির তীরে
হয়তো মানুষ নয় হয়তো শঙ্খচিল শালিকের বেশে
হয়তো ভোরের কাক হয়ে
এই কার্তিকের নবান্নের দেশে।

(৬) উদ্দীপকটির সাথে নিচের কোন কবিতার মিল পাওয়া যায়? [ম বো ২০]

(ক) বঙ্গবাণী (খ) কপোতাক্ষ নদ

(গ) আমি কোনো আগন্তুক নই (ঘ) সেইদিন এই মাঠ উত্তর: খ

## বহুনির্বাচনী

(৭) পুরনো সেই দিনের কথা ভুলবে কিরে হায় ও সেই চোখে দেখা, প্রাণের কথা সে কি ভোলা যায়? 'কপোতাক্ষ নদ' কবিতার সাথে উদ্ধৃতাংশের মিল রয়েছে- [ব বো ১৭]

(ক) দেশপ্রেম (খ) স্মৃতিকাতরতা

(গ) স্নেহকাতরতা (ঘ) অমরত্বের আকাঙ্ক্ষা উত্তর: খ

(৮) 'কপোতাক্ষ নদ' কবিতায় প্রথম আট চরণের অন্ত্যমিল বিন্যাস কোনটি? [রা বো '১৯; সি বো '১৯; সকল বো ১১]

(ক) ক খ খ গ ক খ খ গ (খ) ক খ খ গ ক খ খ চ

(গ) ক খ ক খ ক খ খ ক (ঘ) ক খ খ ক ঘ ঙ ঘ ঙ উত্তর: গ

(৯) "মনে পড়ে সেই জ্যৈষ্ঠের দুপুরে, পাঠশালা পলায়ন"- পঙক্তিটির সাথে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্য কোথায়? [কু বো '১৯]

(ক) স্মৃতিকাতরতায় (খ) কল্পনাপ্রবণতায়

(গ) সুখের অনুভবে (ঘ) স্নেহের তৃষ্ণায় উত্তর: ক

(১০) 'কপোতাক্ষ নদ' কবিতায় 'প্রজা' বলতে কাকে বোঝানো হয়েছে? [সকল বো '১৮]

(ক) নদকে (খ) সাগরকে (গ) জন্মভূমিকে (ঘ) বারিকে উত্তর: ক

অবসাদে ঘুম নেমে এলে
আবার দেখেছি ঝিকিমিকি সেই শবরী তিতাস।

(১১) উক্ত কবিতার ভাবের সঙ্গে 'কপোতাক্ষ নদ' কবিতার সাদৃশ্যগত চরণ কোনটি? [দি বো ১৯]

(ক) বহু দেশে বহুদলে দেখিয়াছি বহু নদ-দলে

(খ) সতত, তোমার কথা ভাবি এ বিরলে

(গ) আর কি হে হবে দেখা? যত দিন যাবে

(ঘ) লইছে যে তব নাম বঙ্গের সঙ্গীতে উত্তর: খ

## বহুনির্বাচনী

(১৯) 'নাম তার, এ প্রবাসে মজি প্রেম ভাবে
লইছে যে তব নাম বঙ্গের সংগীতে'- এ চিত্রকল্পে ফুটে উঠেছে- [কু বো '১৬]

(ক) বিরহের ব্যাকুলতা (খ) সান্নিধ্যের উদ্বেলতা

(গ) বিচ্ছেদের প্রতিকূলতা (ঘ) ভালোবাসার আকুলতা উত্তর: ক

(২০) 'কপোতাক্ষ নদ' কবিতার কোন পঙক্তিটির মধ্যে কবির স্বদেশ প্রেমের সর্বোচ্চ বহিঃপ্রকাশ ঘটেছে? [রা বো '১৬]

(ক) লইছে যে তব নাম বঙ্গের সংগীতে

(খ) সতত, হে নদ, তুমি পড় মোর মনে

(গ) দুগ্ধ-স্রোতোরূপী তুমি জন্মভূমি-স্তনে

(ঘ) আর কি হে হবে দেখা?- যত দিন যাবে উত্তর: গ

(২১) 'সতত যেমতি লোক নিশার স্বপনে
শোনে মায়া-মন্ত্রধ্বনি'-
এ চরণে কবির কোন ভাব প্রকাশ পেয়েছে? [কু বো '১৬]

(ক) স্বদেশপ্রেম

(খ) কপোতাক্ষ নদের প্রতি ভালোবাসা

(গ) মাতৃভাষার প্রতি ভালোবাসা

(ঘ) পিতামাতা থেকে দূরে থাকার কষ্ট উত্তর: খ

(২২) 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি 'বঙ্গজ জন' বলতে কাকে বুঝিয়েছেন? [ব বো '১৬]

(ক) কপোতাক্ষ নদকে (খ) বঙ্গদেশের জনগণকে

(গ) প্রবাসী বাঙালিকে (ঘ) বাংলা সাহিত্যকে উত্তর: খ

(২৩) চতুর্দশপদী কবিতার অষ্টকে থাকে- [দি বো '১৬]

(ক) ভাবের প্রবর্তনা (খ) ভাবের ব্যাখ্যা (গ) ভাবের পরিণতি (ঘ) উপসংহার উত্তর: ক

(২৪) 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কোন বিষয়টি প্রকাশিত হয়েছে? [সকল বো '১০; সি বো '০৬]

(ক) দেশপ্রেম (খ) প্রকৃতিপ্রীতি (গ) নদীর প্রতি মমতা (ঘ) শৈশবস্মৃতি উত্তর: ক

# বহুনির্বাচনী

(২৫) কিন্তু এ স্নেহের তৃষ্ণা মিটে কার জলে?

দুগ্ধ-স্রোতরূপী তুমি জন্মভূমি স্তনে। পঙক্তিদ্বয়ে ফুটে উঠেছে- [ম বো '২০]

i. দেশ প্রেম

ii. স্মৃতিকাতরতা

iii. হৃদয়ের কাতরতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: খ

(২৭) 'কপোতাক্ষ নদ' কবিতায় 'স্নেহের তৃষ্ণা' কথাটিতে প্রকাশ পেয়েছে কবির- [সকল বো '১২]

i. স্মৃতিকাতরতা

ii. স্বাজাত্যবোধ

iii. স্বদেশপ্রেম

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) i ও ii (ঘ) I ও iii উত্তর: ঘ

(২২) 'কপোতাক্ষ নদ' কবিতায় কবি 'বঙ্গজ জন' বলতে কাকে বুঝিয়েছেন? [ব বো '১৬]

(ক) কপোতাক্ষ নদকে (খ) বঙ্গদেশের জনগণকে

(গ) প্রবাসী বাঙালিকে (ঘ) বাংলা সাহিত্যকে উত্তর: খ

(২৩) চতুর্দশপদী কবিতার অষ্টকে থাকে- [দি বো '১৬]

(ক) ভাবের প্রবর্তনা (খ) ভাবের ব্যাখ্যা (গ) ভাবের পরিণতি (ঘ) উপসংহার উত্তর: ক

(২৪) 'কপোতাক্ষ নদ' কবিতায় স্মৃতিকাতরতার আবরণে কোন বিষয়টি প্রকাশিত হয়েছে? [সকল বো '১০; সি বো '০৬]

(ক) দেশপ্রেম (খ) প্রকৃতিপ্রীতি (গ) নদীর প্রতি মমতা (ঘ) শৈশবস্মৃতি উত্তর: ক

# বহুনির্বাচনী

## জীবন-সঙ্গীত

(১) কবি কী দেখে ভবিষ্যৎ নির্ভর হতে নিষেধ করেছেন? [ঢা বো '১৭]

(ক) বাহ্য দৃশ্য (খ) মনোহর মূর্তি (গ) অতীত সুখের দিন (ঘ) সংসার সমরাঙ্গন উত্তর: খ

(২) কোনটি ইংরেজি কবিতার ভাবানুবাদ? [কু বো '১৭]

(ক) কপোতাক্ষ নদ (খ) আমার সন্তান (গ) জীবন সঙ্গীত (ঘ) অন্ধবধূ উত্তর: গ

(৩) 'জীবন-সঙ্গীত' কবিতায় দুঃখের কারণ হিসেবে কোনটিকে বোঝানো হয়েছে? [রা বো. '১৭]

(ক) বৃথা জন্ম ভাবা (খ) সুখের আশা করা

(গ) সংসার সমরাঙ্গনে যুদ্ধ করা (ঘ) ভবিষ্যতের উপর নির্ভর করা উত্তর: খ

(৪) 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি কিসের আশা করতে নিষেধ করেছেন? [চ বো. '১৭]

(ক) সম্পদের (খ) লাভের (গ) সুখের (ঘ) দীর্ঘায়ুর উত্তর: গ

(৫) কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোনটিকে জগতে দুর্লভ বলেছেন? [সি বো. '১৭]

(ক) আকাঙ্ক্ষাকে (খ) মহিমাকে (গ) সাধনাকে (ঘ) সম্পদকে উত্তর: খ

চেষ্টা যত্ন অনুরাগ মনের বান্ধব।
আলস্য তাদের কাছে রণে পরাভব।

(৬) -উদ্ধৃতাংশের মনোভাবের সাথে সাদৃশ্যপূর্ণ কবিতা কোনটি? [ব বো '১৭]

(ক) প্রাণ (খ) জীবন-সঙ্গীত (গ) অন্ধবধূ (ঘ) ঝর্ণার গান উত্তর: খ

(৭) "কারো না সুখের আশ, পড়ো না দুখের ফাঁস' এখানে 'সুখের আশ' বলতে বোঝানো হয়েছে-[রা বো '১৬]

(ক) অধিকার (খ) লোভ (গ) মোহ (ঘ) হতাশা উত্তর: গ

(৮) "আয়ু যেন শৈবালের নীর"- এর দ্বারা বুঝানো হয়েছে- [চ বো '১৬]

(ক) জীবন কুসুমাস্তীর্ণ নয় (খ) এ জীবন ক্ষণস্থায়ী

(গ) আয়ু ক্রমান্বয়ে ফুরিয়ে যায় (ঘ) জীবন অবিনশ্বর নয় উত্তর: খ

## বহুনির্বাচনী

(৯) 'ওহে জীব কর আকিঞ্চন'- বাক্যে আকিঞ্চন শব্দের অর্থ কী? [সি বো '১৬]

(ক) উন্নতি (খ) ক্রন্দন (গ) আকাঙ্ক্ষা (ঘ) আকুতি উত্তর: গ

(১০) 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি 'ভবের উন্নতি' বলতে কী বুঝিয়েছেন? [ব বো '১৬]

(ক) পার্থিব উন্নতি (খ) জ্ঞানের চর্চা (গ) পরের হিত (ঘ) নির্লোভতা উত্তর: ক

(১১) কবি হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কিসে মুক্তি নেই বলেছেন? [দি বো '১৬]

(ক) সংসারে (খ) বৈরাগ্যে (গ) সংগ্রামে (ঘ) পরিবারে উত্তর: খ

(১২) 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানুষের জীবনকে কিসের সঙ্গে তুলনা করেছেন? [য বো '১৫]

(ক) নিশার স্বপন (খ) শৈবালের নীর (গ) কুসুমিত কানন (ঘ) নন্দন কানন উত্তর: ক

(১৩) 'ওহে জীব কর আকিঞ্চন'- বাক্যে আকিঞ্চন বলতে কবি কি বুঝিয়েছেন? [কু বো '১৫]

(ক) সংকোচন (খ) চেষ্টা করা (গ) কষ্ট করা (ঘ) প্রসারণ উত্তর: খ

(১৪) স্বদেশপ্রেমের অনুপ্রেরণায় হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় কোন মহাকাব্যটি রচনা করেন? [ব বো '১৫]

(ক) বৃত্রসংহার (খ) আশাকানন (গ) বীরবাহু (ঘ) ছায়াময়ী উত্তর: ক

(১৫) 'মন্ত্রের সাধন কিংবা শরীর পাতন'

এ প্রবাদটির মূলভাবের প্রতিফলন আছে কোন চরণে? [ঢা বো '১৫]

(ক) সংসার সমরাঙ্গনে যুদ্ধ কর দৃঢ়পণে (খ) কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ

(গ) সংকল্প করেছ যাহা, সাধন করহ তাহা (ঘ) করো না মানবগণ, বৃথা ক্ষয় এ জীবন উত্তর: খ

(১৬) পৃথিবীতে বরণীয় হওয়া যায় কীভাবে? [রা বো '১৫]

(ক) অতীতের কথা চিন্তা না করে (খ) বাহ্যদৃশ্যে না ভুলে

(গ) ভয়ে ভীত না হয়ে (ঘ) মহাজ্ঞানীদের পথ অনুসরণ করে উত্তর: ঘ

(১৭) কবি 'সংসার-সমরাঙ্গনে বলতে কী বুঝিয়েছেন? [দি বো '১৫]

(ক) যুদ্ধক্ষেত্রে (খ) জীবন-যুদ্ধে (গ) মারামারিতে (ঘ) মল্ল যুদ্ধে উত্তর: খ

(১৮) কোন চিহ্ন লক্ষ করে কেউ একজন যশোদ্ধারে আসবে? [দি বো '১৫]

(ক) সুখ চিহ্ন (খ) দুঃখ চিহ্ন (গ) বিজয় চিহ্ন (ঘ) পদাংক চিহ্ন উত্তর: ঘ

## বহুনির্বাচনী

(২১) কবি কেন মানুষের জীবনকে বৃথা বলতে চাননি? [ঢা বো '১৬]

i. মানব জীবন মূল্যবান বলে

ii. বৈরাগ্যে মুক্তি নেই বলে

iii. শিশিরবিন্দুর মত ক্ষণস্থায়ী বলে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

(২২) 'জীবন-সঙ্গীত' কবিতায় কবি মানবগণকে বারণ করেছেন- [ব বো '১৬]

i. ভয়ে ভীত হতে

ii. সুখের আশা করতে

iii. বৃথা জীবন ক্ষয় করতে

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৩ এবং ২৪ নং প্রশ্নের উত্তর দাওঃ [দি বো '১৭]

"তীরহারা এই ঢেউয়ের সাগর পাড়ি দেব রে

আমরা ক'জন নবীন মাঝি হাল ধরেছি শক্ত করে রে।"

(২৩) উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতায় কোন দিকটি প্রতিফলিত হয়েছে?

(ক) সংগ্রামী চেতনা (খ) অমরত্বের প্রত্যাশা (গ) আত্মকেন্দ্রিকতা (ঘ) দায়িত্বশীলতা উত্তর: ক

(২৪) উক্ত দিক নিচের যে চরণে ফুটে উঠেছে তা হলো-

i. সংসার সমরাঙ্গনে যুদ্ধ কর দৃঢ়পণে

ii. দিন যায় ক্ষণ যায়, সময় কাহারো নয়

iii. কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: খ

# বহুনির্বাচনী

নিচের উদ্দীপকটি পড়ে ২৫ এবং ২৬ নং প্রশ্নের উত্তর দাওঃ [কু বো '১৬]

সময় ও স্রোত কারো জন্য অপেক্ষা করে না। তাই সময় থাকতেই আমাদেরকে জীবনের দ্বায়িত্বগুলো যথাযথভাবে সম্পাদন করতে হবে। অন্যথায় জীবনে দুঃখ আসার সম্ভাবনাই বেশি।

(২৫) উদ্দীপকের সাথে কোন কবিতাটির ভাবগত মিল পাওয়া যায়?

(ক) আমার পরিচয় (খ) আমার সন্তান (গ) জীবন-সঙ্গীত (ঘ) মানুষ উত্তর: গ

(২৬) উক্ত কবিতার মূল প্রতিপাদ্য হলো-

i. জীবনের গান

ii. জীবন বন্দনা

iii. হেয় জীবন

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ২৭ এবং ২৮ নং প্রশ্নের উত্তর দাওঃ [সি বো '১৫]

ফয়েজ সাহেব মনে করেন পৃথিবীতে জন্ম নেওয়ার কোন অর্থ নেই। এই পৃথিবী, মানুষ, সবকিছুই যেন রাতের স্বপ্নের মতো। এমনকি পরিবার, সন্তান কাউকে তার আপন মনে হয় না।

(২৭) উক্ত ভাবনা 'জীবন-সঙ্গীত' কবিতার যে পঙক্তিতে প্রতিফলিত হয়েছে-

(ক) আমরাও হব বরণীয় (খ) আমরাও হব হে অমর

(গ) এ জীবন নিশার স্বপন (ঘ) বৃথা ক্ষয় এ জীবন উত্তর: গ

(২৮) উদ্দীপকের ফয়েজ সাহেবের সাথে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন অনুভূতির সাদৃশ্য পরিলক্ষিত হয়?

i. হতাশার

ii. আনন্দের

iii. আশার

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ক

# বহুনির্বাচনী

নিচের উদ্দীপকটি পড়ে ২৯ নং প্রশ্নের উত্তর দাওঃ [কু বো '১৬]

"বৈরাগ্য সাধনে মুক্তি, সে আমার নয়,
অসংখ্য বন্ধন মাঝে মহানন্দময়
লভিব মুক্তির স্বাদ।"

(২৯) কবিতাংশের ভাব তোমার পাঠ্য কোন রচনার মাঝে খুঁজে পাওয়া যায়?

(ক) শিক্ষা ও মনুষ্যত্ব (খ) বই পড়া (গ) প্রাণ (ঘ) জীবন সঙ্গীত উত্তর: ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ৩০ নং প্রশ্নের উত্তর দাওঃ [য বো '১৭]

"অজস্র মৃত্যুরে লঙ্ঘি হে নবীন, চলো অনায়াসে
মৃত্যুঞ্জয়ী জীবন-উল্লাসে-

(৩০) চরণদ্বয়ের ভাবের সাথে নিচের কোন চরণের ভাবগত মিল রয়েছে?

(ক) কর যুদ্ধ বীর্যবান, যায় যাবে যাক প্রাণ (খ) সংসারে সংসারী সাজ, কর নিত্য নিজ কাজ
(গ) কর যত্ন হবে জয়, জীবাত্মা অনিত্য নয় (ঘ) করো না মানবগণ, বৃথা ক্ষয় এ জীবন উত্তর: ক

# বহুনির্বাচনী

## মানুষ

(১) কাজী নজরুল ইসলাম তাঁর 'উমর ফারুখ' কবিতায় হযরত উমর (রা) সম্পর্কে বলেন- "ফেরদৌস ছাড়ি নেমে এসো তুমি সেই শমসের ধরি আর একবার লোহিত সাগরে লালে-লাল হয়ে মরি।"- এখানে 'মানুষ' কবিতায় কবির কোন মনোভাবের প্রকাশ ঘটেছে। [ঢা বো '২০]

(ক) সাহসিকতা (খ) সহমর্মিতা (গ) সাম্যবাদ (ঘ) বিদ্রোহ উত্তর: গ

(২) "মানুষ ধর মানুষ ভজ, শোন বলি রে পাগল মন"- এ বাক্যের ভাবের সঙ্গে 'মানুষ' কবিতার কোন চরণের সাদৃশ্য করা যায়? [রা বো '২০]

(ক) ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়

(খ) তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি

(গ) মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান

(ঘ) ভেঙে ফেল ঐ ভজনালয়ের যত তালা-দেওয়া দ্বার উত্তর: গ

(৩) 'মানুষ' কবিতায় কবি কিসের জয়গান করেছেন? [য বো '২০]

(ক) তারুণ্যের (খ) সাম্যের (গ) ধর্মভীরুতার (ঘ) স্বার্থপরতার উত্তর: খ

(৪) মানুষ কিসের জন্য জীবন বাজি রাখে? [চ বো. '২০]

(ক) ধর্মগ্রন্থের (খ) ধর্মের (গ) খাবারের (ঘ) ক্ষুধার উত্তর: খ

(৫) 'মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান'- 'মানুষ' কবিতার এ চরণে কী প্রকাশ পেয়েছে? [ম বো ২০]

(ক) বর্ণবৈষম্য (খ) জাতিভেদ (গ) সাম্যবাদ (ঘ) অসাম্প্রদায়িকতা উত্তর: গ

# বহুনির্বাচনী

শুন হে মানুষ ভাই
সবার উপরে মানুষ সত্য
তাহার উপরে নাই-

(৬) কবিতাংশের ভাব 'মানুষ' কবিতার যে চরণে প্রতিফলিত হয়েছে- [দি বো ২০]

(ক) সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি

(খ) ঐ মন্দির পূজারীর, হায় দেবতা, তোমার নয়

(গ) আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু

(ঘ) মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান উত্তর: গ

হায়রে ভজনালয়
তোমার মিনারা চড়িয়া ভণ্ড গাহে স্বার্থের জয়-

(৭) এখানে ভণ্ড বলা হয়েছে কাদের? [ম বো '১৯]

(ক) ভক্তদের (খ) ধর্মভীরুদের (গ) ধর্মপ্রচারকদের (ঘ) ধর্মের নামে স্বার্থান্বেষীদের

উত্তর: ঘ

(৮) 'মানুষ' কবিতায় মোল্লা ও পুরোহিতের আচরণে কী ফুটে উঠেছে? [কু বো '১৯]

(ক) ধর্মভীরুতা (খ) কুসংস্কারাচ্ছন্নতা (গ) নৈতিকতাবোধ (ঘ) স্বার্থপরতা উত্তর: ঘ

(৯) "চালা হাতুড়ি শাবল চালা"- 'মানুষ' কবিতার এ চরণে কোন ভাব প্রকাশ পেয়েছে? [চ বো '১৯]

(ক) উচ্ছেদ (খ) ধ্বংস (গ) বিলোপ (ঘ) প্রতিরোধ উত্তর: খ

(১০) 'নাই দেশ-কাল-পাত্রের ভেদ, অভেদ ধর্মজাতি'- 'মানুষ' কবিতার এই অংশটি দ্বারা কবির কোন মনোভাব প্রকাশ পেয়েছে? [সি বো '১৯]

(ক) অসাম্প্রদায়িকতা (খ) সামন্তবাদ (গ) সাম্যবাদ (ঘ) সাম্রাজ্যবাদ উত্তর: গ

(১১) 'মানুষ' কবিতায় সহসা কী বন্ধ হলো? [ব বো ১৯]

(ক) মন্দির (খ) মসজিদ (গ) দ্বার (ঘ) পথ উত্তর: ক

(১২) 'মানুষ' কবিতায় কবি কার জয়গান গেয়েছেন? [দি বো '১৯]

(ক) মানুষের (খ) সাম্যের (গ) শ্রমিকের (ঘ) তারুণ্যের উত্তর: ক

## বহুনির্বাচনী

(১৩) কী দেখে পূজারি ভজনালয় খুলল? [সকল বো '১৮]

(ক) দেবতা (খ) মানুষ (গ) ঠাকুর (ঘ) স্বপন উত্তর: ঘ

(১৪) "নাই দেশ-কাল-পাত্রের ভেদ অভেদ ধর্ম জাতি।"- এ বাক্যে কী প্রকাশ পেয়েছে? [ঢা বো '১৭]

(ক) স্বার্থপর মানসিকতা (খ) ধর্মের জন্য জীবন বাজি রাখা

(গ) ঘৃণ্য মানুষের ক্ষমতা প্রদর্শন (ঘ) জাত-ধর্মের ভেদাভেদহীনতা উত্তর: ঘ

(১৫) 'মোল্লা হাঁকিল- তাহলে শালা সোজাপথ দেখ'- এখানে 'সোজাপথ' বলতে কী বোঝানো হয়েছে? [কু বো '১৭]

(ক) সরলপথ (খ) উল্টোপথ (গ) অন্যপথ (ঘ) বাঁচার পথ উত্তর: ঘ

(১৬) মিনার চড়ে কে স্বার্থের জয়গান গায়? [সি বো ১৭]

(ক) পূজারী (খ) মোল্লা (গ) ফুকারি (ঘ) ভণ্ড উত্তর: ঘ

(১৭) "সব দ্বার এর খোলা রবে, চালা হাতুড়ি শাবল চালা।"– 'মানুষ' কবিতার এ উক্তির মধ্য দিয়ে কোনটি প্রকাশ পেয়েছে? [ব বো '১৭]

(ক) প্রতিরোধ (খ) প্রতিশোধ (গ) প্রতিবাদ (ঘ) প্রতিঘাত উত্তর: গ

(১৮) 'আজারি' শব্দের অর্থ কী? [দি বো '১৭]

(ক) ব্যথিত (খ) ক্ষুধার্ত (গ) পথিক (ঘ) ভিখারি উত্তর: ক

'আশিটা বছর কেটে গেল, আমি ডাকিনি তোমায় কভু

আমার ক্ষুধার অন্ন তা বলে বন্ধ করনি প্রভু

(১৯) কবিতার এ চরণটিতে কী প্রকাশ পেয়েছে? [রা বো '১৬; কু বো ১৫]

(ক) কৃতজ্ঞতা (খ) অভিযোগ (গ) ক্ষোভ (ঘ) ফরিয়াদ উত্তর: ক

(২০) 'সব দেশে সব কালে ঘরে ঘরে তিনি মানুষের জ্ঞাতি'- চরণটিতে 'তিনি' বলতে কাকে বোঝানো হয়েছে? [য বো ১৬]

(ক) সৃষ্টিকর্তাকে (খ) মোল্লা সাহেবকে (গ) মানুষকে (ঘ) মুসাফিরকে উত্তর: গ

## বহুনির্বাচনী

(২১) 'মানুষ' কবিতায় চেঙ্গিস খানকে কিসের প্রতীক ভাবা হয়েছে? [ব বো '১৬]

(ক) প্রতিবাদের (খ) কল্যাণের (গ) বিচারকের (ঘ) ধ্বংসের উত্তর: ক

(২২) গজনির সুলতান কতবার ভারতবর্ষ আক্রমণ করেন? [চ বো '১৫]

(ক) সাতবার (খ) দশ বার (গ) এগারো বার (ঘ) সতেরো বার উত্তর: ঘ

(২৩) পথিককে খাবার না দেওয়ার মধ্যে মোল্লা সাহেবের কোন দিকটি উন্মোচিত হয়েছে? [চ বো '১৫]

(ক) অহংকার (খ) ধর্মীয় ভণ্ডামি (গ) ধর্মভীরুতা (ঘ) ক্ষোভ উত্তর: খ

(২৪) মোল্লা সাহেব মসজিদে তালা দিয়েছিল কেন? [সি বো '১৫]

(ক) মুসাফিরকে ঘৃণা করে বলে (খ) মুসাফির নামাজ পড়ে না বলে

(গ) তিনি নিজে ক্ষুধার্ত বলে (ঘ) তিনি স্বার্থপর বলে উত্তর: ঘ

(২৫) 'মানুষ' কবিতায় পথিকের কণ্ঠ ক্ষীণ ছিল কেন? [দি বো ১৫]

(ক) তৃষ্ণায় (খ) ভয়ে (গ) রোগে (ঘ) ক্ষুধায় উত্তর: ঘ

(২৬) "ভেঙ্গে ফেল ঐ ভজনালয়ের যত তালা দেওয়া দ্বার।"- পঙক্তি দ্বারা কী বোঝানো হয়েছে? [রা বো '১৭]

i. বন্ধ উপাসনালয় আবার চালু করা

ii. ধর্মব্যবসায়ীদের দৌরাত্ম্য বন্ধ করা

iii. উপসনালয়ের সকল শ্রেণির মানুষের সম অধিকার প্রতিষ্ঠা করা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: গ

(২৭) 'মোল্লা পুরুত লাগায়েছে তাঁর সকল দুয়ারে চাবি।'- পঙক্তিটি দ্বারা বুঝানো হয়েছে মোল্লা পুরুতরা- [চ বো '১৬]

i. মসজিদ-মন্দিরের নিয়ন্ত্রণ নিয়েছে

ii. বেনামাজিকে বঞ্চিত করেছে

iii. মানুষের অধিকারকে রুদ্ধ করেছে

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) ii (গ) iii (ঘ) i, ii ও iii উত্তর: গ

# বহুনির্বাচনী

‘বলিবেন খোদা- ক্ষুধিত বান্দা গিয়াছিল তব দ্বারে,
মোর কাছে তুমি ফিরে পেতে তাহা যদি খাওয়াতে তারে’

(২৮) উদ্দীপকের বক্তব্যের সাথে ‘মানুষ’ কবিতার ভাবগত সাদৃশ্য রয়েছে যে পঙক্তিতে- [ঢা বো ‘১৫]

i. ‘মানুষের চেয়ে বড় কিছু নাই, নহে কিছু মহীয়ান’

ii. নাই দেশ-কাল-পাত্রের ভেদ অভেদ ধর্ম জাতি

iii. তব মসজিদ-মন্দিরে প্রভু নাই মানুষের দাবি

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ক

## বহুনির্বাচনী

### সেই দিন এই মাঠ
### (পদ্য)

১। 'সেই দিন এই মাঠ' কবিতায় শান্ত বাতি- ভিজে গন্ধ- মৃদু কলরব। এইগুলো কবির কোন ভাবনার ইঙ্গিতবাহী? [কু বো '১৭]

ক) মানবের মৃত্যু চেতনা খ) প্রকৃতির চিরায়ত রূপ

গ) প্রকৃতির রহস্যময়তা ঘ) মানব মনের অস্থিরতা উত্তরঃ খ

২। 'সেইদিন এই মাঠ' কবিতায় প্রকৃতির এক শাশ্বত রূপ মূর্ত হয়ে উঠেছে কোন পঙক্তিতে? [সি বো. '১৭]

ক) লক্ষ্মীপেঁচা গান গাবে নাকি তার লক্ষীটির তরে? খ) সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে!

গ) এশিরিয়া ধুলো আজ- বেবিলন ছাই হয়ে আছে। ঘ) খেয়ানৌকাগুলো এসে লেগেছে চরের খুব কাছে;

উত্তরঃ ক

৩। নক্ষত্রের তলে সেদিনো কে স্বপ্ন দেখবে? [চ বো '১৭]

ক) শিশির খ) পৃথিবী গ) নদী ঘ) মাঠ উত্তরঃ গ

৪। লক্ষীপেঁচা তার লক্ষীটির তরে কী করবে? [ঢা বো. '১৬]

ক) নাচবে খ) হাসবে গ) গান গাইবে ঘ) অভিনয় করবে উত্তরঃ গ

৫। 'সেই দিন এই মাঠ স্তব্ধ হবে নাকো জানি'- এখানে 'মাঠ' বলতে কী বোঝানো হয়েছে? [রা বো. '১৬]

ক) প্রকৃতি খ) সভ্যতা গ) ঐশ্বর্য ঘ) সৌন্দর্য উত্তরঃ ক

৬। 'এশিরিয়া ধুলো আজ'- কথাটিতে জীবনানন্দ দাশ বুঝিয়েছেন- [য বো '১৬]

ক) প্রকৃতি চিরন্তন খ) সভ্যতা ক্ষণস্থায়ী গ) মৃত্যু অনিবার্য ঘ) সময় বহমান উত্তরঃ খ

৭।'সেই দিন এই মাঠ' কবিতায় কবির স্বপ্ন কিরূপ? [কু বো '১৬]

ক) স্বপ্ন মরণশীল খ) স্বপ্ন ক্ষণস্থায়ী গ) স্বপ্ন মরে না ঘ) স্বপ্ন বহমান উত্তরঃ গ

৮। 'সেই দিন এই মাঠ' কবিতায় কোন পাখির নাম উল্লেখ করা হয়েছে? [চ বো '১৬]

ক) মাছরাঙা খ) চাতক গ) কোকিল ঘ) লক্ষীপেঁচা উত্তরঃ ঘ

৯। 'বেলা অবেলা কালবেলা' গ্রন্থটি কার লেখা? [সি বো '১৬]

ক) সত্যেন্দ্রনাথ দত্ত খ) জীবনানন্দ দাশ

গ) যতীন্দ্রমোহন বাগচী ঘ) হেমচন্দ্র বন্দ্যোপাধ্যায় উত্তরঃ খ

# বহুনির্বাচনী

১০। 'সেই দিন এই মাঠ' কবিতায় বর্ণিত ফুলের নাম কী? [ব বো '১৬]

ক) গোলাপ খ) শিউলি গ) কদম ঘ) চালতা উত্তরঃ ঘ

১১। কবি স্বপ্নকে কিসের সাথে তুলনা করছেন? [দি বো '১৬]

ক) সোনা খ) রূপা গ) হীরা ঘ) অমৃত উত্তরঃ ক

১২। "সোনার স্বপ্নের সাধ পৃথিবীতে কবে আর ঝরে।" এতে প্রকাশ পেয়েছে- [ঢা বো '১৫]

ক) প্রাকৃতিক সৌন্দর্য খ) প্রকৃতির রহস্যময়তা

গ) মানুষের স্বপ্নময়তা ঘ) প্রকৃতি শাশ্বত রূপের উত্তরঃ খ

১৩। 'সেই দিন এই মাঠ' কবিতার বক্তব্য অনুসারে কোনটির মৃত্যু নেই? [য বো '১৫]

ক) সভ্যতার খ) স্বপ্নের গ) মানুষের ঘ) ঐতিহ্যের উত্তরঃ খ

১৪। 'সেই দিন এই মাঠ' কবিতায় যে সভ্যতার কথা বলা হয়েছে তা হলো- [দি বো '১৫]

i. এশিরীয়

ii. বেবিলনীয়

iii. মিশরীয়

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii ও iii উত্তরঃ ক

## রানার

১। কে রানারকে সহানুভূতির চিঠি পাঠাবে? [য বো '২০]

ক) পথের তৃণ খ) ভোরের আকাশ গ) রাতের তারা ঘ) কালো রাত্রি উত্তরঃ খ

২। রানারের জীবনের দুঃখ কে জানবে? [কু বো '২০; ব বো '২০]

ক) তার স্ত্রী খ) আকাশের তারা গ) কালো রাত ঘ) পথের তৃণ উত্তরঃ ঘ

৩। পৌঁছে দাও এ নতুন খবর

অগ্রগতির মেলে।–

এখানে 'মেলে' শব্দের অর্থ কী? [চ বো. '২০]

ক) বিকশিত খ) সাদৃশ্য গ) ডাকে ঘ) সন্ধানে উত্তরঃ গ

# বহুনির্বাচনী

৪।'রানার' কবিতায় মিটি মিটি করে চায় কে? [সি বো. '২০]

ক) প্রকৃতি খ) জোনাকিরা গ) তারারা ঘ) হরিণ উত্তরঃ গ

"ক্ষুধার রাজ্যে পৃথিবী গদ্যময়

পূর্ণিমার চাঁদ যেন ঝলসানো রুটি

কবিতা তোমায় আজকে দিলাম ছুটি।"

৫। উদ্দীপকটির মিল পাওয়া যায় নিচের কোন পঙক্তিটির সাথে? [ম বো. '২০]

ক) করো না মানবগণ, বৃথা ক্ষয় এ জীবন খ) কত কথা আজ মনে পড়ে তার, গরীবের ঘর তার

গ) ঘরেতে অভাব;পৃথিবীটা তাই মনে হয় কালো ধোঁয়া ঘ) অ আ ক খ বর্ণমালা পথে পথে তেপান্তরে উত্তরঃগ

৬।'রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে?'- এখানে রাত শব্দটি কোন অর্থে ব্যবহৃত হয়েছে? [ঢা বো '১৯]

ক) দুঃখের প্রহর খ) আঁধার গ) রাত্রি ঘ) অস্পষ্টতা উত্তরঃ ক

৭।'রানার' কবিতায় রানার কাকে সবচেয়ে বেশি ভয় পায়? [ঢা বো '২০; রা বো '২০,'১৯; চ বো '১৯]

ক) দস্যুকে খ) সূর্য ওঠাকে গ) নির্জন রাতকে ঘ) ক্ষুধার ক্লান্তিকে উত্তরঃ খ

৮।জীবনের সব রাত্রিকে বিত্তশালীরা কেমন দামে কিনেছে? [সি বো '১৯]

ক) সস্তা খ) অল্প গ) চড়া ঘ) বিনা উত্তরঃ খ

৯। 'রাত শেষ হয়ে সূর্য উঠবে কবে?'- বাক্যে 'রানার' কবিতায় কিসের প্রত্যাশা করা হয়েছে? [কু বো '১৯]

ক) শোষণ-বঞ্চনার অবসান খ) গন্তব্যে পৌছানোর প্রত্যাশা

গ) ঝুঁকিপূর্ণ কর্মের অবসান ঘ) শঙ্কা হতে মুক্তি উত্তরঃ ক

১০। সুকান্ত ভট্টাচার্য তাঁর কবিতায় কাদের প্রতি গভীর মমতা প্রকাশ করেছেন? [দি বো '১৯]

ক) নিপীড়িত গণমানুষের খ) ক্ষুধায় ক্লান্তদের

গ) ডাকহরকরাদের ঘ) শ্রমজীবী মানুষের উত্তরঃ ক

# বহুনির্বাচনী

## তোমাকে পাওয়ার জন্য, হে স্বাধীনতা

১। সিঁথির সিঁদুর মুছে গেল কার? [সকল বোর্ড ১৮]

অথবা, স্বাধীনতার জন্য কার সিঁথির সিঁদুর মুছে গেল? [সি. বো. ১৫]

ক) সাকিনা বিবির খ) মোল্লাবাড়ির বিবির গ) হরিদাসীর ঘ) সুমিতা রাণীর উত্তরঃ গ

২। "তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা" কবিতায় কুকুরের আর্তনাদ দ্বারা কী বোঝানো হয়েছে? [রা. বো. '১৭]

ক) সতর্কসংকেত খ) প্রাকৃতিক প্রতিবাদ

গ) নবীন রক্তে প্রাণস্পন্দন ঘ) হানাদারদের প্রতি ঘৃণা উত্তরঃ ক

৩। 'এখন মার চোখে পিপির ভোর

স্নেহের রোদে ভিটে ভরেছে।'

-উদ্ধৃতাংশের মনোভাবের সাথে ভাবগত মিল রয়েছে কোন কবিতার? [ব. বো. ১৭]

ক) সাহসী জননী বাংলা খ) আমি কোনো আগন্তুক নই

গ) তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা ঘ) স্বাধীনতা,এশব্দটি কীভাবে আমাদের হলো উত্তরঃ গ

৪। স্বাধীনতার জন্য কপাল ভাঙল কার? [ঢা. বো. '১৬]

ক) সাকিনা বিবির খ) সগীর আলীর গ) মতলব মিয়ার ঘ) অনাথ কিশোরীর উত্তরঃ ক

৫। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় মেঘনা নদীর দক্ষ মাঝি কে? [রা. বো. '১৬]

ক) রুস্তম শেখ খ) কেষ্ট দাস গ) সগীর আলীর ঘ) মতলব মিয়া উত্তরঃ ঘ

৬।শহরের বুকে জলপাই রঙের ট্যাঙ্ক কিসের প্রতীক? [কু. বো. '১৬]

ক) বীরত্বের খ) শৌর্যের গ) বাহাদুরির ঘ) দানবের উত্তরঃ ঘ

৭। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় 'খই ফোটাল' দ্বারা কবি কী বুঝিয়েছেন? [চ. বো. '১৬]

ক) বিকট আওয়াজ খ) বীভৎস অবস্থা গ) প্রচন্ড গুলি বর্ষণ ঘ) প্রবল আক্রমণ উত্তরঃ গ

৮। শহরে ট্যাঙ্ক এলো মানবের মতো চিৎকার করতে করতে-উক্তিটি কী অর্থে বুঝানো হয়েছে? [সি. বো. '১৬]

ক) যুদ্ধের দামামা খ) শত্রুর আগমন বার্তা

গ) ধ্বংসযজ্ঞের বীভৎসতা ঘ) উল্লাসের বার্তা উত্তরঃ খ

## বহুনির্বাচনী

৯। 'এই বাংলায়
তোমাকে আসতেই হবে, হে স্বাধীনতা।'
— পঙক্তিদ্বয়ে প্রকাশ পেয়েছে - [য. বো. '১৬]

i. মুক্তির আকাঙ্ক্ষা
ii. দৃঢ় প্রত্যয়
iii. প্রতিবাদী মনোভাব

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii,ও iii উত্তরঃ ক

১০। 'হাড্ডিসার' অনাথ কিশোরী কোথায় বসে আছে? [ঢা. বো. '১৫]

ক) দগ্ধ ঘরে খ) পথের ধারে গ) বাস্তুভিটায় ঘ) ভগ্ন স্তূপে উত্তরঃ খ

১১। 'গুলি। মুখ থুবড়ে পড়ে গেল সালাম চাচা
গুলি। পড়ে গেল রবিদা।'

উদ্দীপকে প্রকাশিত দিকটি 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতার কোন পঙক্তির সাথে ভাবগত সাদৃশ্য রয়েছে? [রা. বো. ১৫]

ক) মোল্লাবাড়ির এক বিধবা দাঁড়িয়ে আছে খ) থুথুড়ে এক বুড়ো উদাস হাওয়ায় বসে আছে
গ) একটানা আর্তনাদ করল একটা কুকুর ঘ) ছাত্রাবাস বস্তি উজাড় হলো উত্তরঃ ঘ

১২। 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় 'নতুন নিশান' দ্বারা কী বোঝানো হয়েছে?[য. বো. '১৫]

ক) স্বাধীনতাকে খ) মানচিত্রকে গ) পতাকাকে ঘ) মুক্তিযোদ্ধাকে উত্তরঃ গ

১৩। 'তুমি আসবে বলে, হে স্বাধীনতা' কথাটিতে প্রকাশ পেয়েছে- [চ. বো. '১৫]

ক) প্রতীক্ষা খ) প্রতীক্ষা ও প্রত্যাশা গ) অপেক্ষা ঘ) আগমন উত্তরঃ গ

১৪। স্বাধীনতাকে পাওয়ার প্রতীক্ষায় জেলেপাড়ার সবচেয়ে সাহসী যে লোকটা বসে আছে, তার নাম- [ব. বো. ১৫]

ক) কেষ্ট দাস খ) রুস্তম শেখ গ) সগীর আলী ঘ) মতলব মিয়া উত্তরঃ ক

১৫। কবি শামসুর রাহমান পেশায় কী ছিলেন? [দি. বো. '১৫]

ক) সাংবাদিক খ) শিক্ষক গ) আইন ব্যবসায়ী ঘ) প্রকৌশলী উত্তরঃ ক

# বহুনির্বাচনী

১৬। 'অবুঝ শিশু হামাগুড়ি দিল পিতা-মাতার লাশের উপর।'- চরণটি নির্দেশ করছে- [কু. বো. '১৫]

i. নির্মমতা

ii. নিষ্ঠুরতা

iii. বিবেকহীনতা

নিচের কোনটি সঠিক?

ক) i খ) ii গ) i ও ii ঘ) ii ও iii উত্তরঃ ঘ

নিচের উদ্দীপকটি পড়ে ১৭ নং প্রশ্নের উত্তর দাওঃ [ঢা. বো. '১৭]

বাতাসে লাশের গন্ধ ভাসে মাটিতে লেগে আছে রক্তের দাগ নদীতে পানির মতো ভেসে থাকা মানুষের পচা লাশ মুণ্ডুহীন বালিকার কুকুরে খাওয়া বীভৎস শরীর ভেসে উঠে চোখের ভিতর আমি ঘুমাতে পারি না।

১৭। উদ্দীপকটি নিচের কোন রচনার প্রতিফলিত রূপ?

ক) আমি কোনো আগন্তুক নই খ) সাহসী জননী বাংলা

গ) তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা ঘ) স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো উত্তরঃ গ

নিচের উদ্দীপকটি পড়ে ১৮ এবং ১৯ নং প্রশ্নের উত্তর দাওঃ [য. বো. '১৭]

ছিঁড়ি, গোলামির দলকে ছিঁড়ি,

বেপরোয়াদের দলে গিয়ে ভিড়ি

খুঁজি কোনখানে স্বর্গের সিঁড়ি

কোথায় প্রাণ!"

১৮। উদ্দীপকের চেতনা 'তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা' কবিতায় কার মধ্যে ফুটে উঠেছে?

ক) সাকিনা বিবির খ) হরিদাসীর গ) মোল্লাবাড়ির বিধবার ঘ) মতলব মিয়া উত্তরঃ ঘ

১৯। ফুটে ওঠা চেতনা হলো—

i. প্রতিবাদী সত্তার জাগরণ

ii. স্বাধীনতার জন্য আত্মত্যাগ

iii. পরাধীনতার গ্লানিমুক্ত

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii খ) i ও iii গ) ii ও iii ঘ) i, ii,ও iii উত্তরঃ ঘ

## বহুনির্বাচনী

নিচের উদ্দীপকটি পড়ে ২০ এবং ২১ নং প্রশ্নের উত্তর দাওঃ [ব. বো. '১৭]

শাবাশ বাংলাদেশ, এ পৃথিবী অবাক তাকিয়ে রয়, জ্বলে পুড়ে মরে ছারখার, তবু মাথা নোয়াবার নয়।

২০। উদ্দীপকের মনোভাবের সাথে সাদৃশ্যপূর্ণ রচনা কোনটি?

ক) তোমাকে পাওয়ার জন্যে, হে স্বাধীনতা
খ) স্বাধীনতা, এ শব্দটি কীভাবে আমাদের হলো
গ) সাহসী জননী বাংলা
ঘ) জীবন সঙ্গীত

উত্তরঃ ক

২১। উক্ত সাদৃশ্যের ভিত্তি বাঙালির—

i. সাহসিকতা

ii. সংগ্রামী চেতনা

iii. দেশপ্রেম

নিচের কোনটি সঠিক?

ক) i ও ii
খ) i ও iii
গ) ii ও iii
ঘ) i, ii,ও iii

উত্তরঃ ঘ

# বহুনির্বাচনী

## আমার পরিচয়

(১) "একসাথে আছি এক সাথে বাঁচি"- এ চরণে কী প্রকাশ পেয়েছে? [ঢা বো '২০]

(ক) ঐক্য (খ) প্রতিবাদ (গ) অসাম্প্রদায়িকতা (ঘ) সাম্যবাদ উত্তর: ক

(২) সহজিয়াপন্থি বৌদ্ধ কবিদের সৃষ্ট চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার কোন পরিচয় প্রকাশ পেয়েছে? [রা বো '২০]

(ক) আবহমান গ্রামীণ রূপ (খ) অসাম্প্রদায়িক জীবনবোধ
(গ) বিদ্রোহী চেতনা (ঘ) সাংস্কৃতিক ঐতিহ্য উত্তর: খ

(৩) বাংলাদেশের সংস্কৃতি, ইতিহাস ও ঐতিহ্য নিয়ে লিখিত কবিতাটি হলো- [সি বো. '২০]

(ক) কপোতাক্ষ নদ (খ) পল্লিজননী (গ) আমার পরিচয় (ঘ) সেই দিন এই মাঠ
উত্তর: গ

(৪) চর্যাপদের পাণ্ডুলিপি কোথা থেকে উদ্ধার করা হয়েছিলো? [ঢা বো. '১৯]

(ক) বাংলাদেশ (খ) ভারত (গ) নেপাল (ঘ) শ্রীলঙ্কা উত্তর: গ

(৫) বাংলার প্রত্নতাত্ত্বিক ঐতিহ্যের নিদর্শন কোনটি? [য বো. '১৯; চ বো '২০]

(ক) পাহাড়পুরের বৌদ্ধবিহার (খ) জোড়বাংলার মন্দির-বেদি
(গ) বরেন্দ্রভূমে সোনা মসজিদ (ঘ) আউল-বাউল মাটির দেউল উত্তর: ক

(৬) বাঙালি লাল রাজপথে কিসের ঠিকানা পেয়েছে? [সকল বোর্ড ১৮]

(ক) চর্যাপদের (খ) কমলার দীঘির (গ) রাষ্ট্রভাষার (ঘ) মহুয়ার পালার উত্তর: গ

বাংলার কাব্য, বাংলার ভাষা
মিটায় আমার প্রাণের পিপাসা।

(৭) উদ্দীপকের বিষয়টি 'আমার পরিচয়' কবিতার যে চরণে পাওয়া যায়- [ব বো '১৯]

(ক) এসেছি বাঙালি জয়নুল আর অবন ঠাকুর থেকে (খ) আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে

(গ) আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে (ঘ) আমি যে এসেছি জয়বাংলার বজ্রকণ্ঠ থেকে
উত্তর: গ

(৮) 'আমার পরিচয়' কবিতায় 'কমলার দীঘি' ও 'মহুয়ার পালা' প্রসঙ্গ এনে কবি কী বুঝিয়েছেন? [য বো '১৭]

(ক) সাহিত্যিক ঐতিহ্য (খ) সাংস্কৃতিক ঐতিহ্য

(গ) সংগ্রামী চেতনা (ঘ) অসাম্প্রদায়িক চেতনা উত্তর: ক

## বহুনির্বাচনী

(৯) 'আমার পরিচয়' কবিতাটি কোন কাব্যগ্রন্থ থেকে সংকলিত? [কু বো '১৭]

(ক) ধূলি ও সাগর দৃশ্য (খ) কড়ি ও কোমল (গ) চাষাভূষার কাব্য (ঘ) কিশোর কবিতা সমগ্র
উত্তর: ঘ

(১০) 'নূরলদীনের সারাজীবন' নাটকটির রচয়িতা কে? [কু বো '১৭]

(ক) সিকানদার আবু জাফর (খ) মমতাজউদ্দীন আহমেদ
(গ) সৈয়দ শামসুল হক (ঘ) মুনীর চৌধুরী উত্তর: গ

(১১) কবি সৈয়দ শামসুল হক কোন শহরে জন্মগ্রহণ করেন? [চ বো '১৭]

(ক) নীলফামারী (খ) পঞ্চগড় (গ) লালমনিরহাট (ঘ) কুড়িগ্রাম উত্তর: ঘ

(১২) 'আমার পরিচয়' কবিতায় কবি হাজার চরণচিহ্ন কোথায় ফেলে এসেছেন? [সি বো '১৭]

(ক) সামনে (খ) রাজপথে (গ) পলিমাটিতে (ঘ) পেছনে উত্তর: ঘ

(১৩) 'জয়বাংলা' স্লোগানটি কিসের প্রতীক? [য বো '২০; ব বো '১৭]

(ক) মুক্তির (খ) জাগরণের (গ) ঐক্য ও সংহতির (ঘ) সাহস ও উদ্দীপনার
উত্তর: গ

(১৪) 'একসাথে আছি একসাথে বাঁচি'- কথাটি কবির কোন চেতনার বহিঃপ্রকাশ? [রা বো '১৬]

(ক) সাম্যের (খ) ঐক্যের (গ) শৌর্যের (ঘ) প্রতিবাদের উত্তর: খ

(১৫) বাঙলা সাহিত্যের আদি নিদর্শন কোনটি? [কু বো '১৬]

(ক) শ্রীকৃষ্ণ কীর্তন (খ) বৈষ্ণব পদাবলি (গ) অন্নদামঙ্গল কাব্য (ঘ) চর্যাপদ উত্তর: ঘ

(১৬) 'আমার পরিচয়' কবিতার শেষ চরণে কবি কিসের ছবি আঁকার প্রতিজ্ঞা করেছেন? [চ বো '১৬]

(ক) দেশমাতৃকার (খ) সাম্যের (গ) শান্তির (ঘ) কল্যাণের উত্তর: খ

(১৭) 'আমার পরিচয়' কবিতায় বাঙালি জাতি কিসের ছবি আঁকবে? [সি বো '১৬]

(ক) স্বাধীনতার (খ) সাম্যের (গ) স্বদেশের (ঘ) জন্মভূমির উত্তর: খ

(১৮) 'আমার পরিচয়' কবিতায় সব বিভেদের রেখা মুছে দিয়ে কবি কিসের ছবি আঁকার প্রত্যয় ব্যক্ত করেছেন? [ব বো '১৬]

(ক) প্রেমের (খ) সাম্যের (গ) ঐক্যের (ঘ) বিজয়ের উত্তর: খ

(১৯) 'আমার পরিচয়' কবিতায় কবি 'বাঙালির বীজমন্ত্র বলতে কী বুঝিয়েছেন? [দি বো '১৫]

(ক) মন্ত্রের বীজ (খ) বাঙালির মূল প্রেরণা (গ) প্রাণের আকাঙ্ক্ষা (ঘ) মনের আনন্দ উত্তর: খ

# বহুনির্বাচনী

(২০) হাজী শরীয়তউল্লাহর আন্দোলনের মূল লক্ষ্য ছিল- [ব বো '২০]

i. বিদেশি শোষণ থেকে মুক্তি ii. মহাজনদের অত্যাচার থেকে মুক্তি

iii. সাধারণ মানুষের অধিকার সুরক্ষা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

(২১) 'আমার পরিচয়' কবিতায় প্রকাশ পেয়েছে বাঙালির- [দি বো '১৭]

i. ঐক্য চেতনা ii. ঐতিহ্যবোধ iii. অসাম্প্রদায়িক দৃষ্টিভঙ্গী

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

(২২) "একসাথে আছি, একসাথে বাঁচি, আজও একসাথে থাকবই" এতে প্রকাশ পেয়েছে বাঙালি জাতির- [ঢা বো '১৫]

i. অসাম্প্রদায়িকতা ii. স্বাজাত্যবোধ iii. সাম্যবাদিতা

নিচের কোনটি সঠিক?

(ক) i (খ) iii (গ) i ও iii (ঘ) i, ii ও iii উত্তর: গ

(২৩) আমি তো এসেছি পালযুগ নামে চিত্রকলা থেকে।– এ বাক্যে প্রকাশ পেয়েছে বাঙালির- [চ বো '১৫]

i. ঐতিহ্যii. সংস্কৃতিiii. সভ্যতা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

(২৪) চর্যাপদের মধ্যে বাঙালি জাতিসত্তার যে পরিচয়টি পাওয়া যায়- [চ বো '১৫]

i. কৈবর্তবিদ্রোহ ii. ব্রিটিশবিরোধী আন্দোলন iii. অসাম্প্রদায়িক চেতনা

নিচের কোনটি সঠিক?

(ক) I (খ) i ও ii (গ) iii (ঘ) ii ও iii উত্তর: গ

(২৫) 'আমার পরিচয়' কবিতায় কবি বাঙালি জাতির বিদ্রোহের ঐতিহ্য নিম্নের কোন পঙক্তির মাধ্যমে প্রকাশ করেছেন? [রা বো '১৫]

(ক) আমি তো এসেছি কৈবর্তের বিদ্রোহী গ্রাম থেকে (খ) আমি তো এসেছি সার্বভৌম বারো ভূঁইয়ার থেকে

(গ) এসেছি বাঙালি ক্ষুদিরাম আর সূর্যসেনের থেকে (ঘ) আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে

উত্তর: ক

## বহুনির্বাচনী

**নিচের উদ্দীপকটি পড়ে ২৬ এবং ২৭ নং প্রশ্নের উত্তর দাওঃ** [য বো '১৬]

অসহায় জাতি মরিছে ডুবিয়া, জানে না সন্তরণ কাণ্ডারী। আজ দেখিবো তোমার মাতৃমুক্তি পণ। হিন্দু না ওরা মুসলিম? ওই জিজ্ঞাসে কোন জন? কাণ্ডারী! বল, ডুবিছে মানুষ, সন্তান মোর মার।

(২৬) কবিতাংশটির চেতনা 'আমার পরিচয়' কবিতার নিচের কোন চরণে বিদ্যমান?

(ক) চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে

(খ) এসেছি বাঙালি আউল-বাউল মাটির দেউল থেকে

(গ) সব বিভেদের রেখা মুছে দিয়ে সাম্যের ছবি আঁকবই

(ঘ) আমি যে এসেছি একাত্তরের মুক্তিযুদ্ধ থেকে উত্তর: গ

'সার্থক জনম আমার জন্মেছি এই দেশে,

সার্থক জনম মাগো তোমায় ভালোবেসে।'

(২৭) উদ্দীপকটি 'আমার পরিচয়' কবিতার কোন চরণের সঙ্গে সাদৃশ্যপূর্ণ? [চ বো '১৫]

(ক) আমি তো এসেছি চর্যাপদের অক্ষরগুলো থেকে (খ) আমি জন্মেছি বাংলায়, আমি বাংলায় কথা বলি

(গ) চলি পলিমাটি কোমলে আমার চলার চিহ্ন ফেলে (ঘ) তেরোশত নদী সুধায় আমাকে, 'কোথা থেকে তুমি এলে? উত্তর: গ

# বহুনির্বাচনী

## স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো

(1) 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' কথাটিতে ১৯৭১ সালের কোন তারিখের বিকেলের কথা বলা হয়েছে? [য বো '২০]

(ক) ১ লা মার্চ (খ) ৭ ই মার্চ (গ) ২৩ শে মার্চ (ঘ) ২৫ শে মার্ক উত্তর: খ

(২) "লিখে রেখে যাচ্ছি শ্রেষ্ঠ বিকেলের গল্প।"- কাদের জন্য? [কু বো '২০]

(ক) মুক্তিযোদ্ধা (খ) বিদ্রোহী শ্রোতা (গ) আগামী দিনের শিশু (ঘ) লোহার শ্রমিক উত্তর: গ

(৩) দাদুর কাছে গল্প শুনে ঐশী জানতে পারে ১৯৭১ সালের ৭ ই মার্চ বঙ্গবন্ধু রেসকোর্স ময়দানে এক বিশাল জনসভায় ভাষণ দেন, উদ্দীপকের দাদুর সাথে কার তুলনা চলে? [চ বো. '২০]

(ক) বঙ্গবন্ধু (খ) রবীন্দ্রনাথ (গ) অনাগত শিশু (ঘ) নির্মলেন্দু গুণ উত্তর: ঘ

(৪) 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় 'কখন আসবে কবি?' এ বাক্যে কবি কে? [সি বো. '২০]

(ক) নির্মলেন্দু গুণ (খ) আল মাহমুদ (গ) বঙ্গবন্ধু (ঘ) কামাল চৌধুরী উত্তর: গ

(৫) অনাগত শিশু ও আগামী দিনের কবিদের জন্য কবি কী লিখে রেখে যাচ্ছেন? [দি বো. '২০]

(ক) বিবর্ণ বিকেলের গল্প (খ) শ্রেষ্ঠ বিকেলের গল্প

(গ) কবিহীন বিমুখ প্রান্তর (ঘ) ফুলে শোভিত শিশু পার্ক উত্তর: খ

(৬) 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় 'লালসালু' বেঁধে কারা এসেছিলো? [ঢা বো '১৯]

(ক) কৃষক (খ) ছাত্র (গ) শ্রমিক (ঘ) মজুর উত্তর: গ

(৭) নতুন প্রজন্মকে নির্দেশ করতে 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় কোন কথাটি ব্যবহৃত হয়েছে? [কু বো '১৯]

(ক) ব্যাকুল বিদ্রোহী শ্রোতা (খ) আগামী দিনের কবি

(গ) পাতা কুড়ানির দল (ঘ) স্বাধীনতা প্রিয় প্রাণ উত্তর: খ

(৮) 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় লোহার শ্রমিকেরা কেন এসেছিলো? [চ বো '১৯]

(ক) মিছিল করতে (খ) আন্দোলন করতে

(গ) মারপিট করতে (ঘ) বঙ্গবন্ধুর বক্তব্য শুনতে উত্তর: ঘ

(৯) 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় 'প্রাণের সবুজ বলতে বোঝানো হয়েছে- [ব বো '১৯]

(ক) প্রাণচাঞ্চল্য (খ) প্রাণের জোয়ার

(গ) প্রাণের আনন্দ (ঘ) প্রাণের সজীবতা উত্তর: ঘ

# বহুনির্বাচনী

(১০) 'বিকেলের বিরুদ্ধে বিকেল' বলতে বোঝানো হয়েছে- [দি বো '১৯]

(ক) বঙ্গবন্ধুকে হত্যার ষড়যন্ত্র (খ) সময়ের পরিবর্তন

(গ) অশুভ শক্তির উত্থান (ঘ) নেতিবাচক ভাবনা উত্তর: খ

(১১) ১৯৭১ সালে কোন পত্রিকায় বঙ্গবন্ধুকে 'রাজনীতির কবি' বলে আখ্যায়িত করা হয়েছিলো? [রা বো '১৭]

(ক) নিউইয়র্ক টাইমস (খ) ওয়াশিংটন নিউজ (গ) ডেইলি নিউজ (ঘ) নিউজ উইক উত্তর: ঘ

(১২) বঙ্গবন্ধুর ঐতিহাসিক ৭ ই মার্চের ভাষণের মঞ্চ রেসকোর্স ময়দানের কোন প্রান্তে নির্মিত হয়েছিলো? [য বো '১৭]

(ক) পূর্ব প্রান্তে (খ) পশ্চিম প্রান্তে (গ) দক্ষিণ প্রান্তে (ঘ) উত্তর প্রান্তে উত্তর: ঘ

(১৩) প্রাণের সবুজ কোথায় মিশেছে? [কু বো '১৭]

(ক) মাঠের সবুজে (খ) জনতার মঞ্চে (গ) বিমুখ প্রান্তরে (ঘ) ফুলের বাগানে উত্তর: ক

(১৪) ৭ ই মার্চ হাতের মুঠোয় মৃত্যু নিয়ে কারা এসেছিলো? [দি বো '১৭]

(ক) উলঙ্গ কৃষক (খ) করুণ কেরানি (গ) লোহার শ্রমিক (ঘ) বিদ্রোহী শ্রোতা উত্তর: খ

(১৫) মধ্যবিত্তের চোখে ছিলো- [রা বো '১৭]

(ক) প্রতিশোধের আগুন (খ) প্রাপ্তির আনন্দ (গ) আনন্দ অশ্রু (ঘ) ভবিষ্যৎ কল্পনা উত্তর: ঘ

(১৬) 'অমর কবিতা' বলতে লেখক নির্মলেন্দু গুণ কোনটিকে বুঝিয়েছেন? [য বো '১৬]

(ক) স্বাধীন বাংলাদেশ (খ) বঙ্গবন্ধুর ভাষণ (গ) জনতার সংগ্রাম (ঘ) বিদ্রোহী শ্রোতা উত্তর: খ

(১৭) 'প্রেমাংশুর রক্ত চাই'- কার লেখা কাব্য গ্রন্থ? [কু বো '১৬]

(ক) জাফর ইকবাল (খ) ড. আনিসুজ্জামান (গ) হুমায়ুন আজাদ (ঘ) নির্মলেন্দু গুণ উত্তর: ঘ

(১৮) কোথায় স্বপ্ন নিয়ে মধ্যবিত্তরা রেসকোর্স ময়দানে এসেছিলো? [চ বো '১৬]

(ক) হৃদয়ে (খ) চেতনায় (গ) ললাটে (ঘ) চোখে উত্তর: ঘ

(১৯) সোহরাওয়ার্দী উদ্যানের পূর্ব নাম কী? [দি বো '১৬]

(ক) রেসকোর্স ময়দান (খ) ওসমানী উদ্যান (গ) রমনা পার্ক (ঘ) রমনা বটমূল উত্তর: ক

(২০) 'কখন আসবে কবি'- এখানে কাকে কবি বলা হয়েছে? [সি বো '১৬]

(ক) নির্মলেন্দু গুণকে (খ) বিষ্ণু দেকে

(গ) শেখ মুজিবুর রহমান কে (ঘ) রবীন্দ্রনাথ ঠাকুরকে উত্তর: গ

(২১) 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতায় 'কপাল কব্জিতে লালসালু বেঁধে কারখানা থেকে যে লোহার শ্রমিক এসেছিল'- এখানে 'লালসালু' কী অর্থে ব্যবহৃত হয়েছে? [ঢা বো '১৫]

## বহুনির্বাচনী

(ক) সংগ্রামী চেতনা (খ) প্রতিবাদ (গ) বিদ্রোহী (ঘ) প্রতিরোধ উত্তর: ক

(২২) নির্মলেন্দু গুণ রচিত ছোটদের উপন্যাস কোনটি? [সি বো '১৫]

(ক) আপন দলের মানুষ (খ) বাংলার মাটি বাংলার জল

(গ) বাবা যখন ছোট ছিলেন (ঘ) পঞ্চাশ সহস্র বর্ষ উত্তর: গ

(২৩) রেসকোর্স ময়দানে আগত জনতার সংগ্রামী চেতনার পরিচয় মেলে যে পঙক্তিতে- [ব বো '১৫]

(ক) এবারের সংগ্রাম আমাদের স্বাধীনতার সংগ্রাম (খ) শত বছরের শত সংগ্রাম শেষে

(গ) কপালে কব্জিতে লালসালু বেঁধে (ঘ) মার্চের বিরুদ্ধে মার্চ উত্তর: গ

(২৮) কবি নির্মলেন্দু গুণ ৭ ই মার্চের ভাষণকে 'শ্রেষ্ঠ বিকেলের গল্প' যে দৃষ্টিতে বলেছেন তা হলো- [রা বো '২০]

i. মুক্তির আকুতি ii. স্বাধীনতার পদধ্বনি iii. বাঙালির ঐক্য

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

(২৯) গণসূর্যের মঞ্চ কাঁপিয়ে অমর কবিতাখানি শোনালেন- [ব বো '১৬]

i. রাজনীতির কবি ii. আত্মত্যাগের কথা iii. বাঙালি জাতিকে প্রেরণাদানের কথা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

"তুমি রাজনীতির কবি
তুমি বাংলার জন্য দিয়েছ সবই
তুমি স্বাধীনতার ঘোষক
তুমি বাঙালি জাতির পথপ্রদর্শক"

(৩০) উদ্দীপকে 'স্বাধীনতা, এ শব্দটি কিভাবে আমাদের হলো' কবিতার কোন দিককে নির্দেশ করে? [ম বো '২০]

i. স্বাধীনতার ডাক ii. আত্মত্যাগের কথা iii. বাঙালি জাতিকে প্রেরণা দানের কথা

নিচের কোনটি সঠিক?

(ক) i ও ii (খ) i ও iii (গ) ii ও iii (ঘ) i, ii ও iii উত্তর: ঘ

# বহুনির্বাচনী

## কাকতাড়ুয়া

(১) 'কাকতাড়ুয়া' উপন্যাসে বুধা চরিত্রে লক্ষ করা যায়- [ঢা বো '২০]

(ক) দেশের মানুষের প্রতি মমত্ববোধ (খ) দেশের প্রতি কৃতজ্ঞতা

(গ) মিলিটারিদের প্রতি ঘৃণা (ঘ) চাচির প্রতি শ্রদ্ধা উত্তর: গ

(২) বুধা রাজাকার কমান্ডারের বাড়িতে আগুন দেয় কেন? [রা বো '২০]

(ক) প্রতিশোধ নিতে (খ) প্রতিহিংসায় (গ) অন্যের প্ররোচনায় (ঘ) দেশ রক্ষায় উত্তর: ক

(৩) "একটা কিছু তোমাদের আমি দেবই"- বুধার এ উক্তিতে কোন অনুভূতির প্রকাশ পেয়েছে? [রা বো. '২০]

(ক) প্রতিশ্রুতি (খ) প্রতিরোধ (গ) শপথ (ঘ) প্রতিশোধ উত্তর: ঘ

(৪) কার কাঁধে মাথা রেখে তিনু ঘুমিয়ে যেত? [রা বো. '২০]

(ক) বিনুর (খ) শিলুর (গ) তালেবের (ঘ) বুধার উত্তর: ঘ

(৫) "তোর জন্য উৎকণ্ঠায় আমি প্রায় শেষ হয়ে যাচ্ছিলাম, মুক্তিযুদ্ধ"- শাহাবুদ্দিন কেন এ কথা বলেছিলেন? [য বো. '২০]

(ক) মিলিটারির নৃশংসতার কথা ভেবে (খ) রাজাকারদের ষড়যন্ত্রের ভয়ে

(গ) বুধার নিরাপত্তার কথা ভেবে (ঘ) দ্বায়িত্ব পালনে বুধার অক্ষমতার ভয়ে উত্তর: গ

(৬) "আধা-পোড়া বাজারটার দিকে তাকিয়ে ওর চোখ লাল হতে থাকে"- কেন? [য বো '২০]

(ক) প্রতিশোধের আকাঙ্ক্ষায় (খ) যুদ্ধে যাওয়ার জন্যে

(গ) মানুষকে বাঁচানোর তাগিদে (ঘ) ঘৃণা প্রকাশ পাওয়ায় উত্তর: ক

(৭) "এবার বাঘের থাবা ভোজ হবে আজ প্রতিশোধে"- এ বক্তব্যের সাথে ভাবগত সাদৃশ্য পাওয়া যায় নিচের কোন বাক্যে? [কু বো '২০]

(ক) বুকের ভেতর ধরে রেখেছি মুক্তিযুদ্ধ

(খ) যুদ্ধ ছাড়াও মরণ থাকে

(গ) কাকেরা ভাত খেলে শহিদের মায়েদের বুক জুড়ায়

(ঘ) লোহার টুপি তাদের মগজ খেয়েছে উত্তর: ক

(৮) প্রথমে মাটি কাটার দলে না নেওয়ায় বুধা ফুঁপিয়ে কেঁদে উঠেছিল কেন? [কু বো '২০]

(ক) তীব্র ক্ষুধার যন্ত্রণায় মনে পড়ায় (খ) স্বজনদের মৃত্যুর কথা

(গ) মাটি কাটার দলে ঢোকার কৌশল হিসেবে (ঘ) আহাদ মুন্সিকে বাগে আনার জন্য উত্তর: গ

# বহুনির্বাচনী

(৯) "ও পাথরে চোখ মেলে মৃত্যু দেখে।"- এখানে পাথরের চোখ বলতে কি বুঝানো হয়েছে? [কু বো '২০]
(ক) স্থির দৃষ্টি (খ) দৃষ্টিহীন চোখ (গ) গভীর দৃষ্টি (ঘ) অন্তর্দৃষ্টি উত্তর: ক

(১০) কোনটি মুক্তিযুদ্ধভিত্তিক উপন্যাস? [চ বো '২০]
(ক) লালসালু (খ) জলাঙ্গী
(গ) সংশপ্তক (ঘ) চিলে কোঠার সেপাই উত্তর: খ

(১১) 'কাকতাড়ুয়া' উপন্যাসের দ্রোহী চরিত্র কোনটি? [চ বো '২০]
(ক) হরিকাকু (খ) মতিউর (গ) জয়নাল চাচা (ঘ) সাহাবুদ্দিন উত্তর: ঘ

(১২) নতুন প্রজন্মের কাছে 'কাকতাড়ুয়া' উপন্যাসের সার্থকতা হলো- [সি বো '২০]
(ক) বুধা সম্পর্কে জ্ঞান লাভ (খ) 'কাকতাড়ুয়া উপন্যাস সম্পর্কে জানা
(গ) দেশবাসীর দেশপ্রেম সম্পর্কে জানা ঘ) মুক্তিযুদ্ধ সম্পর্কে সার্বিক জ্ঞান লাভ উত্তর: ঘ

(১৩) আহাদ মুন্সির বাড়িতে মোট ঘর ছিলো- [সি বো '২০]
(ক) চারটি (খ) তিনটি (গ) দুইটি (ঘ) একটি উত্তর: ক

(১৪) বুধার বাবা-মার কবরে যে ফুল গাছগুলো ছিলো তা হলো- [সি বো '২০]
(ক) আকন্দ, গন্ধরাজ (খ) ভাটফুল, জবা ফুল (গ) ভাটফুল, ধুতুরা (ঘ) ধুতুরা, মল্লিকা উত্তর: গ

(১৫) বুধার চোখ লাল হয়ে যায় কেন? [ব বো '২০]
(ক) মনের ক্ষোভে (খ) আগুনের ধোঁয়ায়
(গ) মরিচের ঝালে (ঘ) চোখে বালি পড়ায় উত্তর: ক

(১৬) 'কাকতাড়ুয়া' উপন্যাসে মিঠু লুকিয়ে থাকে। কারণ- [দি বো '২০]
(ক) পাকবাহিনী জোয়ানদের ধরে নিয়ে যায় (খ) সে যুদ্ধকে ভয় পায়
(গ) রাজাকাররা তাঁকে ধরিয়ে দিতে পারে (ঘ) মিলিটারিরা তাঁকে গুলি করতে পারে উত্তর: গ

(১৭) মনি, শিমু, রিদম, রাফী, সৌম্য, অথৈ একই গ্রামে একসাথে বেড়ে উঠেছে। সেদিন শিমু হঠাৎ জানাল সপরিবারে ওদের বিদেশে যাওয়া পাকাপাকি। সবার মন খারাপ। শিমু আবেগাপ্লুত হয়ে রাফীকে বলল, "সাবধানে থেকো, তোমার তো আবার রাগ আর জেদ বেশি"- উদ্দীপকের শিমু 'কাকতাড়ুয়া' উপন্যাসের যার প্রতিনিধিত্ব করে- [দি বো '২০]
(ক) রানি (খ) কুন্তি (গ) মধু (ঘ) ফুলকলি উত্তর: ক

## বহুনির্বাচনী

(১৮) পলি ভাবীর চোখের সামনে মুক্তিযুদ্ধের সময় পাক সেনারা তার স্বামী, শ্বশুর ও সন্তানকে হত্যা করে। পলি ভাবী প্রতিশোধ নেওয়ার জন্য মাইন সংগ্রহ করে। বুকে মাইন বেঁধে পাক সেনাদের গাড়ির উপর ঝাপিয়ে পড়ে এবং অনেক পাক হানাদারকে হত্যা করে। উদ্দীপকে 'কাকতাড়ুয়া' উপন্যাসের কোন চরিত্রের সাদৃশ্য আছে? [ম বো '২০]

(ক) বুধা (খ) কুদ্দুস (গ) কুন্তি (ঘ) আহাদ মুন্সি উত্তর: ক

(১৯) "তোমার ভয় নেই মা আমরা প্রতিবাদ করতে জানি।"- চরিত্রের মিল হয়েছে? [রা বো '১৯]

(ক) মতিউর (খ) বুধা (গ) কুন্তি (ঘ) আলি উত্তর: খ

(২০) বাঙ্কার দেখতে যেতে দেয়ায় বুধা ফজু চাচার প্রতি কী প্রকাশ করে? [রা বো '১৯]

(ক) আনন্দ (খ) পাগলামি (গ) বিনয় (ঘ) উৎকণ্ঠা উত্তর: গ

(২১) বুধা বুকের ভিতর কী ধরে রেখেছে? [রা বো '১৯]

(ক) প্রতিশোধ (খ) মুক্তিযুদ্ধ (গ) আত্মবিশ্বাস (ঘ) দেশপ্রেম উত্তর: খ

(২২) বুধা কার বোঝা এগিয়ে দিয়েছিলো? [য বো '১৯]

(ক) রানি (খ) নোলক বুয়া (গ) হরিকাকু (ঘ) চাচি উত্তর: গ

(২৩) বাংলা সাহিত্যের প্রথম সার্থক উপন্যাস কোনটি? [ঢাকা বো '১৬]

(ক) আলালের ঘরে দুলাল (খ) কপালকুণ্ডলা

(গ) ফুলমণি ও করুণার বিবরণ (ঘ) দূর্গেশনন্দিনী উত্তর: ঘ

(২৪) 'চমৎকার নকশা করা রঙিন একটা বাক্স আছে বুকের ভেতর'- এই রঙিন বাক্স বলতে বুধার কোনটি বোঝানো হয়েছে? [কু বো '১৯]

(ক) স্কুলের মজার দিনগুলি (খ) স্বাধীনতার স্বপ্ন

(গ) পরিবারে স্মৃতি (ঘ) কুন্তির ভালোবাসা উত্তর: ক

(২৫) আমি শোধ নিতে জানি এ বাক্যে বুধার কোনভাবটি প্রকাশ পেয়েছে? [চ বো '১৯]

(ক) দক্ষতা (খ) নিপুণতা (গ) প্রতিবাদ (ঘ) ক্ষমতা উত্তর: গ

(২৬) বুধা কাকে ভিতুর ডিম বলেছিল? [চ বো '১৯]

(ক) কুন্তিকে (খ) রানিকে (গ) ফুলকলিকে (ঘ) মধুকে উত্তর: খ

## বহুনির্বাচনী

(২৭) গাঁয়ের লোকে বুধাকে কী নামে ডাকে? [সি বো '১৯]

(ক) কাকতাড়ুয়া (খ) ছন্নছাড়া (গ) জয়বাংলা (ঘ) মানিক রতন উত্তর: ক

(২৮) 'যুদ্ধ ছাড়াও মরণ থাকে'- এখানে মরণ বলতে কী বোঝানো হয়েছে? [ঢা বো '১৫]

(ক) পরাধীনতাকে (খ) ক্ষুধাকে (গ) হিংস্রতাকে (ঘ) হিংসাকে উত্তর: খ

(২৯) "মনে হয় তুই আমার মুরব্বি"- উক্তিটি কার? [কু বো '১৬]

(ক) বুধার মায়ের (খ) নোলক বুয়ার (গ) বুধার চাচির (ঘ) হরিকাকুর উত্তর: গ

(৩০) তিনুর বয়স কত ছিল? [সি বো '১৫]

(ক) এক (খ) দেড় (গ) দুই (ঘ) আড়াই উত্তর: খ

### পল্লিজননী

১। কবি জসীমউদ্দীনকে সম্মানসূচক ডি.লিট ডিগ্রি প্রদান করে কোন প্রতিষ্ঠান?

ক) ঢাকা বিশ্ববিদ্যালয় খ) কলকাতা বিশ্ববিদ্যালয়

গ) আলীগড় বিশ্ববিদ্যালয় ঘ) বিশ্বভারতী বিশ্ববিদ্যালয় উত্তর: ঘ

২। কবি জসীমউদ্দীন কত সালে মৃত্যুবরণ করেন?

ক) ১৯৭৩ সালে খ) ১৯৭৪ সালে গ) ১৯৭৫ সালে ঘ) ১৯৭৬ সালে উত্তর: ঘ

৩। পল্লিজননী অন্ধকার রাতে জেগে রয়েছেন কেন?

ক) ছেলের অসুস্থতার কারণে খ) কাজ করার জন্য

গ) প্রার্থনা করার জন্য ঘ) কবিরাজের অপেক্ষায় উত্তর: ক

৪। পল্লিজননী কোথায় বসে রয়েছেন?

ক) বারান্দায় খ) দাওয়ায়

গ) রুগ্ন ছেলের শিয়রে ঘ) রুগ্ন ছেলের পায়ের কাছে উত্তর: গ

৫। 'পল্লিজননী' কবিতায় কোথায় নিবু নিবু দীপ ঘুরে ঘুরে জ্বলছে?

ক) রুগ্ন ছেলের শিয়রে খ) ঘরের চৌকাঠের কাছে

গ) চেয়ারের ওপর ঘ) রুগ্ন ছেলের পায়ের কাছে উত্তর: ক

৬। পল্লিজননী' কবিতায় এদো ডোবা থেকে কিসের দুর্গন্ধ ছড়াচ্ছে?

ক) পচা কাদার খ) পচান পাতার গ) পচা পাটের ঘ) পচা মাছের উত্তর: খ

## বহুনির্বাচনী

৭। পল্লিজননীর ঘর কেমন?

ক) পাকা　খ) টিনের তৈরি　গ) আধাপাকা　ঘ) কুঁড়েঘর　উত্তর: ঘ

৮। পল্লিজননীর ঘরের বেড়ার ফাঁক দিয়ে কী আসে?

ক) নেড়ী কুকুর　খ) বিড়াল　গ) শীতের বাতাস　ঘ) রোদের কিরণ　উত্তর: গ

৯। পল্লিজননী' কবিতায় মা ছেলের শিয়রে বসে কী করছেন?

ক) পাটি তৈরি করছেন　খ) মাথায় জলপট্টি দিচ্ছেন

গ) ছেলের নানা ঘটনা ভাবছেন　ঘ) হস্তশিল্পের কাজ করছেন　উত্তর: গ

১০। 'পল্লিজননী' কবিতায় ছেলেটির শুয়ে থাকতে ভালো লাগে না কেন?

ক) অসুস্থতার কারণে　খ) মায়ের বকুনির কারণে

গ) খেলতে যাবে বলে　ঘ) পচান পাতার দুর্গন্ধে　উত্তর: ক

১১। পল্লিজননী ছেলের পান্ডুর গালে চুমো খায় কেন?

ক) খুশি হয়ে　খ) মমতায়

গ) ছেলে শুয়ে থাকতে না চাওয়ায়　ঘ) ছেলে সুস্থ হয়ে যাওয়ায়　উত্তর: খ

১২। পল্লিজননী ছেলের সুস্থতার জন্য কোথায় মোমবাতি মানে?

ক) মাজারে　খ) দরগায়　গ) মসজিদে　ঘ) মন্দিরে　উত্তর: গ

১৩। পল্লিজননীর প্রাণ কাঁদে কেন?

ক) অভাবের কারণে　খ) সন্তানের অসুস্থতার জন্য

গ) ছেলের শীত লাগায়　ঘ) পুতুল কেনার পয়সা না দিতে পারায়　উত্তর: খ

১৪। 'পল্লিজননী' কবিতায় কোথায় কানা কুয়ো ডাকে?

ক) ঘরের চালে　খ) সুপারিগাছে　গ) বাঁশবনে　ঘ) শালবনে　উত্তর: গ

১৫। 'পল্লিজননী' কবিতায় কিসের বাতাসে সুপারির বন হেলে পড়ে?

ক) ঝড়ের বাতাসে　খ) শীতের ঠাণ্ডা হাওয়ায়

গ) হুতোমের পাখার বাতাসে　ঘ) বাদুড়ের পাখায় বাতাসে　উত্তর: ঘ

# বহুনির্বাচনী

১৬। পল্লিজননী' কবিতায় বুনো পথে কুয়াশার কাফন ধরে কে যায়?

ক) বাদুড়ের দল খ) হুতোমের দল গ) কানাকুয়ো ঘ) জোনাকি মেয়েরা উত্তর: ঘ

১৭। পল্লিজননীর মনে কিসের শঙ্কা জাগে?

ক) দীপ নিভে যাওয়ার খ) সন্তান হারানোর

গ) সুপারির বন হেলে পড়ার ঘ) ছেলের লাটাই হারিয়ে ফেলার উত্তর: খ

১৮। কোন কথা ভাবতে পল্লিজননীর প্রাণ শিউরে ওঠে?

ক) হুতোমের ডাকের কথা খ) অন্ধকার রাতের কথা

গ) কানাকুয়োর কথা ঘ) ছেলে হারানোর কথা উত্তর: ঘ

১৯। পল্লিজননী মনে মনে কিসের জাল বোনে?

ক) অভাব দূর করার খ) ছেলের বায়না পূরণের

গ) ছেলের সুস্থতার ঘ) ছেলের লাটাই যত্নে রাখার উত্তর: গ

২০। 'পল্লিজননী' কবিতায় রুগ্ণ ছেলেটি কার ঝাড়ফুঁকের কথা বলেছে?

ক) করিমের খ) আজিজের গ) রহিম চাচার ঘ) জালাল কবিরাজের উত্তর: গ

২১। রুগ্‌ণ ছেলেটি পল্লিজননীকে কী যতন করে রাখতে বলেছে?

ক) লাটাই খ) ঘুড়ি গ) বই ঘ) খেলনা গাড়ি উত্তর: ক

২২। রুগ্‌ণ ছেলেটি পল্লিজননীকে সাত-নরি সিকা ভরে কী রাখতে বলেছে?

ক) খেজুরের গুড় খ) ঢ্যাঁপের মোয়া গ) মুড়ি ঘ) খই উত্তর: খ

২৩। 'পল্লিজননী' কবিতায় ছেলেটি দূর বন থেকে এক কোঁচ ভরে কী নিয়ে আসে?

ক) লটকন ফল খ) নাটাফল গ) বেথুল ঘ) আমলকী উত্তর: গ

২৪। দূর বন থেকে সাঁঝের বেলায় বাড়ি ফেরায় পল্লিজননী ছেলেকে কী বলে গালি দেয়?

ক) জানোয়ার খ) মুখপোড়া গ) বেয়াদব ঘ) হতভাগা উত্তর: খ

# বহুনির্বাচনী

২৫। পল্লিজননী ছেলের ছোটখাটো বায়না মেটাতে পারেনি কেন?

ক) অভাবের কারণে খ) ব্যস্ততার কারণে গ) স্বামী না থাকায় ঘ) রাগ করে থাকায় উত্তর: ক

২৬। পল্লিজননীর মনে কিসের শঙ্কা জাগে?

ক) দীপ নিভে যাওয়ার খ) সন্তান হারানোর

গ) সুপারির বন হেলে পড়ার ঘ) ছেলের লাটাই হারিয়ে ফেলার উত্তর: খ

## বহিপীড়

১। হাশেম পড়াশোনা শেষ করে কী দিতে চায়?

ক) রাইস মিল (খ) ছাপাখানা গ) বইয়ের দোকান ঘ) পোশাক কারখানা উত্তর: খ

২। "শরীরটা আমার ভালো নাই"- কার?

ক) বহিপীরের খ) হাতেম আলির গ) খোদেজার ঘ) হকিকুল্লাহর উত্তর: খ

৩। "খোদার কাছে হাজার শোকর"- জমিদারের এমন উক্তির কারণ কী?

ক) ছেলের বিয়ে স্থির হওয়া খ) তাহেরার ফিরে যেতে রাজি হওয়া

গ) জমিদার হতে পেরে ঘ) বহিপীরকে আশ্রয় দিতে পেরে উত্তর: ঘ

৪। হাতেম আলি নিজেকে বড় ধন্য মনে করেছেন কেন?

ক) জমিদার হতে পেরে খ) বহিপীরকে আশ্রয় দিতে পেরে

গ) ছেলেকে শিক্ষিত করতে পেরে ঘ) তাহেরার মন পরিবর্তন করতে পেরে উত্তর: খ

৫। হাতেম আলির জমিদারি কোথায়?

ক) কেশবপুরে খ) রেশমপুরে গ) পাতালপুরে ঘ) সুবিদপুরে উত্তর: খ

৬। হাতেম আলির একমাত্র ছেলের নাম কী?

ক) হাশেম আলি খ) হবিব আলি গ) হিরণ আলি ঘ) হানিফ আলি উত্তর: খ

৭। "খোদা চাহে-তো মতিগতি ভালোই"- কার?

ক) খোদেজার খ) তাহেরার গ) হাশেমের ঘ) হকিকুল্লাহর উত্তর: গ

## বহুনির্বাচনী

৮। জমিদার হাতেম আলির বলা কোন কথাটি মিথ্যা?

ক) রেশমপুর আমার যৎকিঞ্চিৎ জমিদারি আছে  খ) খোদা চাহে-তো মতিগতি ভালোই

গ) ভাবলাম, শহরে এসে দাওয়াই করাই  ঘ) কালই নিলামে উঠবে  উত্তর: গ

৯। "আপনার নাম বহিপীর কী করে হলো?"- প্রশ্নটি কার?

ক) হাশেম আলির  খ) তাহেরার  গ) হাতেম আলির  ঘ) খোদেজার  উত্তর: গ

১০। বিভিন্ন অঞ্চলের মুরিদদের সাথে সহজে কথাবার্তা বলার জন্য বহিপীর কী করেছে?

ক) দোভাষী রেখেছে  খ) নানা রকম ভাষা শিখেছে

গ) বইয়ের ভাষা আয়ত্ত করেছে  ঘ) প্রয়োজনীয় কথা লিখে রেখেছে  উত্তর: গ

১১। বহিপীরের কানে কটু ঠেকে কোনটি?

ক) বইয়ের ভাষা  খ) লেখ্য-ভাষা  গ) আঞ্চলিক ভাষা  ঘ) বিদেশি ভাষা  উত্তর: গ

১২। খোদার বাণী বহন করার উপযুক্ততা নেই কিসের?

ক) বইয়ের ভাষার  খ) কথ্য ভাষার  গ) বাংলা ভাষার  ঘ) বিদেশি ভাষার  উত্তর: খ

১৩। বহিপীরের মতে কী বোঝা সত্যিই মুশকিল?

ক) নারীর মন  খ) বইয়ের ভাষা

গ) সৃষ্টিকর্তার ইচ্ছা  ঘ) আবহাওয়ার মতিগতি  উত্তর: গ

১৪। কেবল কী করেই বহিপীরের জীবন কেটেছে?

ক) অর্থ উপার্জন করে  খ) মুরিদান করে  গ) ভ্রমণ করে  ঘ) বই অধ্যয়ন করে  উত্তর: খ

১৫। কারা বহিপীরকে আষ্টেপৃষ্ঠে বেঁধে রেখেছে?

ক) জিনেরা  খ) মুরিদরা

গ) অন্য পীরেরা  ঘ) পীর প্রথার বিরোধীরা  উত্তর: খ

১৬। বহিপীরের বাড়ি কোথায়?

ক) রেশমপুর  খ) সুনামগঞ্জ  গ) রাজশাহী  ঘ) হবিগঞ্জ  উত্তর: খ

## বহুনির্বাচনী

১৭। বহিপীরের সর্বদা কী করার অভ্যাস?

ক) ইবাদত খ) ওয়াজ-নছিহত গ) পরোপকার ঘ) খাওয়া-দাওয়া উত্তর: খ

১৮। হাতেম আলির মামার ওপর আকাশ ভেঙে পড়েছে কেন?

ক) জমিদারি হারাতে পারেন বলে খ) হাশেম তাহেরাকে নিয়ে পালিয়েছে বলে

গ) বহিপীর পুলিশ ডাকবেন বলে ঘ) তাহেরা বহিপীরের সাথে যাবে না বলে উত্তর: ক

১৯। 'একবার শুরু হলে তার শেষ নাই'- হাতেম আলি কী সম্পর্কে বলেছেন?

ক) অন্যায় খ) চরিত্রহীনতা গ) মিথ্যাবাদিতা ঘ) দুঃসময় উত্তর: গ

২০। হাতেম আলি যখন রেশমপুরের জমিদারি হাতে পান তখন তার অবস্থা কেমন ছিল?

ক) অত্যন্ত ভালো খ) মোটামুটি ভালো

গ) বেশ খারাপ ঘ) সম্পূর্ণরূপে ধ্বংসপ্রাপ্ত উত্তর: গ

২১। জমিদারির আয়ের বর্তমান অবস্থা বোঝাতে হাতিম আলি কোন বিশেষণটি ব্যবহার করেছে?

ক) সমৃদ্ধ খ) উড়ণচণ্ডী গ) অন্তঃসারশূন্য ঘ) অদৃশ্য উত্তর: গ

২২। হাতেম আলির জামিদারি কোন আইনের কারণে নিলামে উঠবে?

ক) প্রজাপালন আইন খ) সান্ধ্য আইন গ) সামরিক আইন ঘ) শ্রম আইন উত্তর: খ

২৩। হাতেম আলি কার কাছ থেকে অর্থ সাহায্য পাওয়ার আশা করেছিলেন?

ক) পুত্রের কাছ থেকে খ) বহিপীরের কাছ থেকে

গ) স্ত্রীর কাছ থেকে ঘ) বন্ধুর কাছ থেকে উত্তর: ঘ

২৪। হাতেম আলির বাল্যবন্ধুর নাম কী?

ক) হকিকুল্লাহ খ) আনোয়ার উদ্দিন গ) হাবিবুল্লাহ ঘ) ইয়ার উদ্দিন উত্তর: খ

২৫। হাতেম আলির শহরে আসার উদ্দেশে কী?

ক) চিকিৎসা করানো খ) জমিদারি রক্ষা করা

গ) ছেলের বিয়ে দেওয়া ঘ) বহিপীরের সেবা করা উত্তর: খ

# সৃজনশীল

## ক-অংশ: গদ্য

১. প্রমিতা ভালো গান করে সকল পর্যায়ে বেশ সুনাম কুড়িয়েছে। তাকে নিয়ে তার পরিবারের অনেক গর্ব। হঠাৎ সড়ক দুর্ঘটনায় বাকশক্তি হারিয়ে ফেলে সে। গান গাওয়া বন্ধ হয়ে যায় প্রমিতার। একসময় যারা তার বন্ধু ছিল তারা একে একে কেটে পড়ে। আজ তার পাশে কেউ নেই। সেও ধীরে ধীরে নিজেকে গুটিয়ে নেয়, সবার থেকে চোখের আড়াল হয়ে একাকিত্বকে সঙ্গী করে দিন কাটে তার।

ক. প্রতাপ সুভার মর্যাদা বুঝত কেন?

খ. সুভাকে সুভার মা বিধাতার অভিশাপ মনে করে কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের প্রমিতার নিজেকে গুটিয়ে নেয়ার মধ্য দিয়ে সুভার মানসিকতার কোন দিক প্রকাশিত হয়েছে? ব্যাখ্যা কর।

ঘ. প্রমিতা ও সুভার প্রতি পরিজনদের আচরণ কীরূপ হলে তাদের জীবনের পরিণতি ভিন্ন হতে পারত? যৌক্তিক মতামত দাও।

২. উপল ও নিধি ভাইবোন। নিধি বড়, উপল ছোট। তাদের দুজনের বয়সের পার্থক্য পাঁচ। বাড়ির সামনে খোলা জায়গায় তারা খেলছিল। তাদের মা উঠানে বসে তরকারি কাটছিলেন। তিনি ঘরে ঢুকতেই উপল ও নিধি ছুটে গেল টকটকে লাল জামরুল কুড়াতে। মা দেখে তাদের শাসন করছিলেন। মা রান্নাঘরে যেতেই তারা বাইরে বেরিয়ে গেল। মা রান্না করে, কাপড় কেচে গোসল করতে গেলেন। দ্বিপ্রহর হলেও নিধি ও উপল ফিরে আসেনি।

ক. 'পিজরাপোলের আসামি' কী

খ. 'তখনি কি রাজি হতে আছে'- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের উপল ও নিধির সাথে 'আম-আঁটির ভেঁপু' গল্পের যোগসূত্র ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকের মা সর্বজয়া চরিত্রকে পুরোপুরি ধারণ করেনি - মূল্যায়ন কর।

৩. জরিনা ৭০ বছরের বৃদ্ধা। অসুস্থতার কারণে সবাই তাকে সংসারের বোঝা মনে করে। অথচ ১৯ বছর বয়সে বিবাহ হওয়ার পর থেকে সংসারের বেড়াজালে সে বাঁধা ছিল। অবজ্ঞার কথা ভেবে সংসার ছেড়ে চলে যেতে ইচ্ছে হয়। কিন্তু স্বামী-সন্তান, আত্মীয়-স্বজনের মায়া ত্যাগ করতে পারে না।

ক. নিমের কচি পাতাগুলো অনেকে খায় কেন?

## সৃজনশীল

খ. কবিরাজরা নিমগাছের প্রশংসায় পঞ্চমুখ কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের সাথে 'নিমগাছ' গল্পের সাদৃশ্য ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকটি 'নিমগাছ' গল্পের সম্পূর্ণ ভাব ধারণ করে কি? তোমার উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**৪.** কক্সবাজারের রকিব ও নেপালের নবিন দুজনই চট্টগ্রামের একটি বিশ্ববিদ্যালয়ে পড়ে। রকিব ঈদের ছুটিতে নবিনকে তাদের গ্রামের বাড়ি নিয়ে যায়। দুজনে সমুদ্র সৈকত, পাহাড়, ঝরনা, বৌদ্ধ মন্দির, শহিদ মিনার প্রভৃতি স্থানে ঘুরে বেড়ায়। রকিবের পরিবারের অন্য সদস্যরাও তাকে অত্যন্ত আন্তরিকভাবে গ্রহণ করে। তাদের আদর আপ্যায়ন ও আতিথেয়তায় নবিন এতই মুগ্ধ হয় যে, বিদায়বেলায় সে অশ্রুসিক্ত হয়ে যায়।

ক. 'প্রবাস বন্ধু' গল্পটি লেখকের কোন গ্রন্থ থেকে গৃহীত?

খ. 'কার গোয়াল, কে দেয় ধুয়ো' বলতে কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকে রকিবের আচরণে 'প্রবাস বন্ধু' গল্পের আবদুর রহমানের চরিত্রের যে দিকটি প্রকাশ পেয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. "প্রবাস বন্ধু" গল্পের লেখক ও উদ্দীপকের নবিন এক নয় - তুমি কি এ মন্তব্যের সাথে একমত? যুক্তিসহকারে লেখ।

### খ-অংশ: কবিতা

**৫.** সাহিদ ও জাহিদ দুই বন্ধু বিশ্ববিদ্যালয়ে পড়ে। সাহিদ বাংলা ভাষাকে খুব ভালোবাসে। অন্যদিকে জাহিদের বাংলা ভাষা ও সংস্কৃতি পছন্দ নয়। সে ইংরেজি জানা নিয়ে গর্ব করে। সাহিদ ক্ষুব্ধ হয়ে জাহিদকে বলে, "আমরা বাঙালি, বাংলা ভাষা আমাদের অহংকার।"

ক. জুয়ায় শব্দের অর্থ কী?

খ. 'মাতা পিতামহ ক্রমে বঙ্গেত বসতি

দেশী ভাষা উপদেশ মনে হিত অতি'- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকের জাহিদের মতো মানুষদের প্রতি কবি আবদুল হাকিম কী মনোভাব পোষণ করেন? ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকের সাহিদ ও 'বঙ্গবাণী' কবিতার কবির বক্তব্য একই চেতনা থেকে উৎসারিত"- বিশ্লেষণ কর।

## সৃজনশীল

**৬.** নানামুখী প্রতিকূলতার জন্য পাঁচবার বিএ পরীক্ষায় অবতীর্ণ হয়েও কৃতকার্য হতে পারেনি কাশেম। বন্ধু-বান্ধব ও পরিবারের সদস্যদের তিরস্কারে কাশেম কিছুটা বিচলিত হয়। এমন পরিস্থিতিতে কাশেম তার গ্রামের একজন বিজ্ঞ ব্যক্তির পরামর্শ নিয়ে ৬ষ্ঠ বারের মতো দৃঢ় মনোবল সহকারে পরীক্ষায় অংশগ্রহণ করে সফলভাবে কৃতকার্য হয়।

ক. 'দারা' শব্দের অর্থ কী?

খ. আয়ু যেন শৈবালের নীর।- ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে 'জীবন-সঙ্গীত' কবিতার কোন দিকটি উন্মোচিত হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. "উদ্দীপকটি 'জীবন-সঙ্গীত' কবিতার সমগ্র ভাব ধারণ করেনি।"- উক্তিটির যথার্থতা নিরূপণ কর।

**৭.** বাঁশ বাগানের মাথার ওপর চাঁদ উঠেছে ওই
এমন সময় মাগো, আমার কাজলা দিদি কই?
বেড়ার ধারে পুকুর পাড়ে ঝিঁঝিঁ ডাকে ঝোপে ঝাড়ে
লেবুর গন্ধে ঘুম আসে না, তাইতো জেগে রই।

ক. কে নক্ষত্রের তলে স্বপ্ন দেখবে?

খ. 'পৃথিবীর এইসব গল্প বেঁচে রবে চিরকাল'- বলতে কী বোঝানো হয়েছে? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে 'সেইদিন এই মাঠ' কবিতার যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকটি 'সেইদিন এই মাঠ' কবিতার সমগ্র ভাব ধারণ করেছে কি? তোমার মতামত বিশ্লেষণ কর।

### গ-অংশ: উপন্যাস

**৮.** বিদেশি সেনার কামানে বুলেটে বিদ্ধ
নারী শিশু আর খুবক জোয়ান-বৃদ্ধ
শত্রু সেনারা হত্যার অভিযানে
মুক্তিবাহিনী প্রতিরোধ উত্থানে।

ক. 'কাকতাড়ুয়া' উপন্যাসের মিঠুর ভাইয়ের নাম কী?

খ. 'এমন খুশি আমার জীবনে আর আসেনি' - বুধার এ উক্তির কারণ কী? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে প্রথম দুই 'কাকতাড়ুয়া' উপন্যাসের যে দিকটি ফুটে উঠেছে তা ব্যাখ্যা কর।

ঘ. 'কাকতাড়ুয়া' উপন্যাসের বিষয়বস্তুর খণ্ডিত অংশমাত্র- মন্তব্যটির সপক্ষে তোমার যুক্তি দাও।

## সৃজনশীল

**৯.** 'ক' ইউনিয়নের চেয়ারম্যানের নাম শুনলে গ্রামের মানুষ ভয়ে কাঁপে। তার ইচ্ছামতো এলাকার সবকিছু পরিচালিত হয়। মুক্তিযুদ্ধের সময় পাকিস্তানি সৈন্যদের তার বাড়িতে আশ্রয় দেয়। গ্রামের হাঁস-মুরগি, ছাগল, সবজি, ফলমূল প্রভৃতি জোরপূর্বক নিয়ে যায় সৈন্যদের জন্য। কেউ অবাধ্য হলে ঘর বাড়ি জ্বালিয়ে দেয়। মুক্তিযোদ্ধাদের খোঁজখবর পাক হানাদারদের জানিয়ে দেয়। গ্রামের মেয়েদের ধরে নিয়ে যায় হানাদারদের ক্যাম্পে।

ক. বুধা প্রায়ই কী সাজাত?

খ. "এবার মৃত্যুর উৎপাত শুরু করেছে ভিন্ন রকমের মানুষ"- এ কথাটি দ্বারা কী বোঝানো হয়েছে?

গ. উদ্দীপকের চেয়ারম্যান চরিত্রে 'কাকতাড়ুয়া' উপন্যাসে বর্ণিত কোন চরিত্রকে খুঁজে পাও? বর্ণনা কর।

ঘ. "উদ্দীপকটি 'কাকতাড়ুয়া' উপন্যাসের খন্ডচিত্র মাত্র।" মন্তব্যটি বিশ্লেষণ কর।

### ঘ-অংশ: নাটক

**১০.** মাতৃহারা ঝিনু চাচার বাড়িতে বড় হয়। চাচি ঝিনুকে বোঝা মনে করে। ভাবে কোনো রকম পাত্রস্থ করতে পারলেই হয় অবশেষে চাচি সতীনের সংসারে এক বৃদ্ধের সাথে বিয়ে দেয় ঝিনুকে। জীবন সচেতন ঝিনু এ বিয়ে মেনে না নিয়ে একদিন বাড়ি ছেড়ে অজানার পথে পাড়ি জমায়।

ক. বহিপীরের বয়স কত বছর?

খ. হকিবুল্লাহ পুলিশ ডাকতে গিয়েও ফিরে এসেছিলেন কেন? ব্যাখ্যা কর।

গ. উদ্দীপকে নাটকের যে দিকটি প্রতিফলিত হয়েছে তা ব্যাখ্যা কর।

ঘ. উদ্দীপকটিতে 'বহিপীর' নাটকের সমগ্র ভাব ফুটে উঠেছে কি? উত্তরের সপক্ষে যুক্তি দাও।

**১১.** আলমগীর তালুকদারের পরিবার জৌলুস হারিয়ে এখন শ্রীহীন প্রায়। যতটুকু আছে তাও ঘটের তলানিতে। আলমগীর সাহেব এ নিয়ে দুশ্চিন্তাগ্রস্ত। কিন্তু আলমাস মননে আধুনিক। এসবে তার মাথা ব্যথা নেই। বাবাকে বলে, "আমি এ যুগের ছেলে, শিক্ষাই আমার সম্পদ। আমায় নিয়ে ভেবো না, বাবা। জীবন পাল্টানোর পরশমণি আমার হাতের মুঠোয়।"

ক. "বদান্যতার জোরে জান যায় মানুষের" - উক্তিটি কার?

খ. "আপনারা কোরবানির গোস্ত খেতে পারেন, কিন্তু গরু জবাই চেয়ে দেখতে পারেন না।"- তাহেরা একথা বলেছিল কেন?

গ. উদ্দীপকের আলমগীর তালুকদারের পরিবারের সাথে 'বহিপীর' নাটকের সাদৃশ্যপূর্ণ দিকটি ব্যাখ্যা কর।

ঘ. "বোধ ও বিশ্বাসে আলমাস ও হাশেম যেন মুদ্রার এপিঠ ওপিঠ" - যথার্থতা বিচার কর।